# সমাচার দর্পণ

১০৭৮ সংখ্যা। বালম ১৮।। ১৮৩৬ সাল ১২ মার্চ। শনিবার ১২৪২ সাল ১ চৈত্র। SATURDAY, MARCH 12TH. 1836. [মূল্য মাসে ১ টাকা।

No. 1078. VOL. XVIII.] **Published at Serampore every Saturday Morning.** [*Price—1 Rupee monthly.*

## ইশতেহার।

### বিজ্ঞাপন।

সমাচার দেওয়া যাইতেছে যে গত ২ মার্চ বুধবার কলিকাতা নগরে শ্রীভগবতীচরণ সরকারের স্থানহইতে দুই কেতা বাঙ্গাল বেঙ্ক নোট খোয়া গিয়াছে বিশেষতঃ

২২,০৫৮ নং এক কেতা ১০০০ টাকা
২১,৮৯৭ নং এক কেতা ১০০০

যিনি এই নোট পাইয়া থাকেন অথবা অনুসন্ধান পান তিনি অনুগ্রহপূর্ব্বক কলিকাতা শহরের লালগির্জার ছাপাখানাতে শ্রীযুত মরি সাহেবের নিকট অথবা শ্রীরামপুরের ছাপাখানাতে তাহার সম্বাদ দিলে উপযুক্ত পারিতোষিক পাইবেন।

### সাবেক সরিফ সেল।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামি ৩১ মার্চ বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারান্দায় সরিফের দপ্তরখানায় প্রবেশদ্বারের নিকট কলিকাতার সাবেক সরিফ শ্রীযুত নাতানিএল আলেক্জান্দর সাহেব রাজা উমেশচন্দ্র রায়ের বিরুদ্ধে ফাইরাই ফেসিয়াসনামক পরবানার ক্ষমতাতে পবলিকসেলে অর্থাৎ নীলামে ইহা বিক্রয় করিবেন।

১ দফা। বিশেষতঃ বাঙ্গালা এলাকার মধ্যে জিলা নবদ্বীপে গোয়াড়ির শামিল ও তন্মধ্যস্থিত যে ইষ্টকনির্ম্মিত এক দোতালা গৃহ বসতবাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ৪/ চারি বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী রাজা উমেশচন্দ্র রায়ের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পশ্চিম দিগে অমৃতলাল বিশ্বাসের অধিকৃত বাটী ও ভূমি। পূর্ব্ব দিগে ঠাকুরদাস চাটুয্যের বাটী ও ভূমি। দক্ষিণ দিগে পরশুরাম বন্দ্যোপাধ্যায়ের বসতবাটী। উত্তর দিগে কোম্পানি বাহাদুরের রাস্তা।

২ দফা। এবং পূর্ব্বোক্ত স্থানের শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ রাইয়তী ভূমি অনুমান ৩/ তিন বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী রাজা উমেশচন্দ্র রায়ের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পশ্চিম দিগে প্রাণনাথ মুন্সির অধিকৃত বাটী। পূর্ব্ব দিগে শঙ্কর বাঁড়ুয্যের অধিকৃত এক বাটী। দক্ষিণ দিগে রামধন ঘোষের বাটী ও ভূমি। উত্তর দিগে এক গলি।

৩ দফা। এবং পূর্ব্বোক্ত জিলায় কৃষ্ণ

## ইশতেহার।

নগরের শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ বাগাত ভূমি অনুমান ৩৫/ পঁয়ত্রিশ বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে এক পুষ্করিণী ও নানাজাতীয় বৃক্ষ আছে তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী রাজা উমেশচন্দ্র রায়ের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে তিলক দপ্তরির বাটী ও ভূমি। দক্ষিণ দিগে সদর রাস্তা। পূর্ব্ব দিগে রাজা গিরীশচন্দ্র রায়ের দেবোত্তর ভূমি। পশ্চিম দিগে উক্ত গিরীশচন্দ্র রায়ের এক বাগান।

৪ দফা। এবং সামান্যতঃ বলরাম মিসরের বাড়িনামে খ্যাত অথচ পূর্ব্বোক্ত স্থানের শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ রাইয়তী ভূমি অনুমান ১৪।।০ চৌদ্দ বিঘা দশ কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী রাজা উমেশচন্দ্র রায়ের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে ভরত কাঁসারির অধিকৃত বাটী। দক্ষিণ দিগে হাটখোলার বাজারনামে খ্যাত এক বাজার। পূর্ব্ব দিগে তিনকড়ি বিশ্বাসের অধিকৃত বাটী। পশ্চিম দিগে বেচু মিস্ত্রির রাইয়তী ভূমি।

৫ দফা। এবং বাঙ্গলা এলাকার মধ্যে চন্দননগরের শামিল ও তন্মধ্যস্থিত যে অপর এক খণ্ড ও বন্দ বাগাত ভূমি অনুমান ১৪/ চৌদ্দ বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী রাজা উমেশচন্দ্র রায়ের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে কঙ্কনানদীনামে খ্যাত এক নদী। পশ্চিম দিগে বারাভাঙ্গের খালনামে খ্যাত এক খাল। উত্তর দিগে স্বরূপচন্দ্র সরকার চৌধুরির এক খণ্ড ভূমি। দক্ষিণ দিগে জলা বাটীর রাস্তানামে খ্যাত এক রাস্তা।

৬ দফা। এবং বাঙ্গালার এলাকার মধ্যে জিলা নবদ্বীপেতে মিনেজপুরে চাকুলে মত্তিয়ারিনামে খ্যাত এক স্থানের শামিল ও তন্মধ্যস্থিত যে অপর এক খণ্ড ও বন্দ বাগাৎ ভূমি অনুমান ৯৬।।০ ছেয়ানব্বই বিঘা দশ কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী রাজা উমেশচন্দ্র রায়ের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ অর্থাৎ তাহার চতুর্দ্দিগেই কাশীনাথ বাঁড়ুয্যের তালুক।

## ইশতেহার।

৭ দফা। এবং পূর্ব্বোক্ত জিলায় তালদহের শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দবাগাৎ ভূমি অনুমান ১৬।।০ ষোল বিঘা দশ কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী রাজা উমেশচন্দ্র রায়ের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ অর্থাৎ তাহার চতুর্দ্দিগেই স্বরূপচন্দ্র সরকার চৌধূরির তালুক।

৮ দফা। এবং পূর্ব্বোক্ত জিলায় কৃষ্ণনগরের শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ রাইয়তী ভূমি অনুমান ৩৯ ঊনচল্লিশ বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে নানাজাতীয় বৃক্ষ আছে তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী রাজা উমেশচন্দ্র রায়ের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ অর্থাৎ তাহার চতুর্দ্দিগেই রাজা গিরীশচন্দ্র রায়ের তালুক।

৯ দফা। এবং বাঙ্গলা এলাকার মধ্যে চন্দননগরের শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ রাইয়তী ভূমি অনুমান ১১৮।৪ এক শত আঠার বিঘা নয় কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে নানাজাতীয় বৃক্ষ আছে তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী রাজা উমেশচন্দ্র রায়ের যে স্বত্ব ও অধিকার ওসম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ অর্থাৎ তাহার চতুর্দ্দিগেই বিবি বাদশাহ বেগমের ভূমি।

১০ দফা। এবং বাঙ্গলা এলাকার মধ্যে জিলা নবদ্বীপে হালানখাঁর শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ ধান্য ভূমি অনুমান ৪২/ বেয়াল্লিশ বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী রাজা উমেশচন্দ্র রায়ের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ অর্থাৎ তাহার চতুর্দ্দিগে রাজা গিরীশচন্দ্র রায়ের তালুক।

১১ দফা। এবং বাঙ্গলা এলাকার মধ্যে চন্দননগরের বাবলা গঞ্জের শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ২০ বিশ বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী রাজা উমেশচন্দ্র রায়ের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসী

## ইশতেহার।

মাবদ্ধ অর্থাৎ তাহার চতুর্দ্দিগেই স্বরূপচন্দ্র সরকার চৌধুরির ভূমি।

১২ দফা। এবং বাঙ্গলা এলাকার মধ্যে জিলা নবদ্বীপে পাবাখালির শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ বাগাৎ ভূমি অনুমান ৪৪/ চোয়াল্লিশ বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী রাজা উমেশচন্দ্র রায়ের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ অর্থাৎ তাহার চতুর্দ্দিগেই রাজা গিরীশচন্দ্র রায়ের তালুক।

১৩ দফা। এবং বাঙ্গলা এলাকার মধ্যে জিলা মানদুনানামে খ্যাত এক স্থানের শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ রাইয়তী ভূমি অনুমান ২৬/ ছাব্বিশ বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী রাজা উমেশচন্দ্র রায়ের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ অর্থাৎ তাহার চতুর্দ্দিগেই বৈকুণ্ঠ দে চৌধুরির জমীদারী।

১৪ দফা। এবং পূর্ব্বোক্ত জিলার মাঝ্‌দেওয়ার শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ১৮/ আঠার বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী রাজা উমেশচন্দ্র রায়ের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ অর্থাৎ তাহার চতুর্দ্দিগেই কাশিনাথ বাঁড়ুয্যের জমীদারী।

১৫ দফা। এবং পূর্ব্বোক্ত জিলার পাবাখালিতে বোহীলারবাগের শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ বাগাৎ ভূমি অনুমান ১৬/ ষোল বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী রাজা উমেশচন্দ্র রায়ের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ অর্থাৎ তাহার চতুর্দ্দিগেই রাজা গিরীশচন্দ্র রায়ের জমীদারী।

১৬ দফা। এবং পূর্ব্বোক্ত জিলায় মহলপুরেতে পানিনালার শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ৬০ যাটি বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী রাজা উমেশচন্দ্র রায়ের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ অর্থাৎ তাহার চতুর্দ্দিগেই রাধামাধব পরামাণিকের জমীদারী।

১৭ দফা। এবং পূর্ব্বোক্ত জিলায় শিবচন্দ্রপুরের শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ৯৫/ পঁচানব্বই বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী রাজা উমেশচন্দ্র রায়ের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ অর্থাৎ তাহার চতুর্দ্দিগেই স্বরূপচন্দ্র সরকার চৌধুরির জমীদারী।

১৮ দফা। এবং পূর্ব্বোক্ত জিলাতে কেশবপুরের শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ রাইয়তী ভূমি অনুমান চারিশত পঞ্চাশ বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী রাজা উমেশচন্দ্র রায়ের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ অর্থাৎ তাহার চতুর্দ্দিগেই পূর্ব্বোক্ত স্বরূপচন্দ্র সরকার চৌধুরির জমিদারী।

১৯ দফা। এবং পূর্ব্বোক্ত জিলায় শ্রীনগরের শামিল ও তন্মধ্যস্থিত যেসামান্যতঃ গড়বাড়িনামে খ্যাত এক খণ্ড ও বন্দ বাগাৎ ভূমি অনুমান ১৩৯ এক শত ঊনচল্লি বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী রাজা উমেশচন্দ্র রায়ের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব ও পশ্চিম দিগে নীলকমল পালচৌধুরির ভূমি। দক্ষিণ দিগে গাজিসাহেবের দরগা উত্তর দিগে রাধাকৃষ্ণ হালদারের বাটী ও ভূমি।

২০ দফা। এবং পূর্ব্বোক্ত স্থানের শামিল ও তন্মধ্যস্থিত বিশ্বাসের বাগাননামে খ্যাত যে এক খণ্ড ও বন্দ বাগাৎ ভূমি অনুমান ১২/ বার বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী রাজা উমেশচন্দ্র রায়ের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে উক্ত নীলকমল পালচৌধুরির ভূমি। দক্ষিণ দিগে কাদাহাটার ঝিলনামে খ্যাত এক ঝিল। পশ্চিম দিগে মরালার ঝিলনামে খ্যাত এক ঝিল। পূর্ব্ব দিগে রাণির বেল বাগান।

২১ দফা। এবং পূর্ব্বোক্ত জিলার চকলিয়া শ্রীনগরে মহেশচন্দ্রপুরের শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ বুস্কোত্তর রাইয়তী ভূমি অনুমান ২৫০ দুই শত পঞ্চাশ বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী রাজা উমেশচন্দ্র রায়ের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ অর্থাৎ তাহার চতুর্দ্দিগেই নীলকমল পালচৌধুরির এবং অন্যান্যের জমিদারী।

২২ দফা। এবং পূর্ব্বোক্ত জিলা নবদ্বীপে দিগদানা পরগনার শামিল ও তন্মধ্যস্থিত যে এক তালুক বা জমিদারী তাহাতে নানা মৌজা বা গ্রাম আছে বিশেষতঃ মৌজা নিজ দিগ্‌দানা। মৌজা বাখরা মৌজা নাগর মৌজা কালি দিহা এবং মৌজা চরকানি দিহা তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী রাজা উমেশচন্দ্র রায়ের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

সরিফের দপ্তরে অন্বেষণ করিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন।

---

## সরিফ সেল।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামি ১৭ মার্চ বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারান্দায় সরিফের দপ্তরখানায় প্রবেশদ্বারের নিকট কলিকাতার সরিফ সাহেব মেরিজেন বট্‌লর ও ফ্রান্সীয় মোরাণের বিরুদ্ধে বেন্দিসিয়োনৈ এক্সপোনাসনামক পরবানার ক্ষমতাতে পবলিকসেলে অর্থাৎ নীলামে ইহা বিক্রয় করিবেন।

বিশেষতঃ। চব্বিশ পরগনার ইটালির শামিল ও তন্মধ্যস্থিত ইষ্টকনির্ম্মিত যে এক একতালা গৃহ বসতবাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ।০ পাঁচ কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে নানাজাতীয় বৃক্ষ আছে তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী মেরিজেন বটলর ও ফ্রান্সীয় মোরাণের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে বেলে ঘাটার খাল। দক্ষিণ দিগে সদর রাস্তা। পশ্চিম দিগের একাংশে স্বরূপ ঘোষের বাটী ও ভূমি। অপরাংশে আলি বক্স খানসামার বাটী ও ভূমি। পূর্ব্ব দিগে গোলোকচন্দ্র কোরের বাটী ও ভূমি।

সরিফের দপ্তরে অন্বেষণকরিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন।

---

## শেষ সরিফ সেল।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামি ১৭ মার্চ বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারান্দায় সরিফের দপ্তরখানায় প্রবেশদ্বারের নিকট কলিকাতার শেষ সরিফ শ্রীযুত উলিয়ম হিকি সাহেব রাবর্ট জান ওএকফীল্‌ড সাহেবের বিরুদ্ধে বেন্দিসিয়োনৈ এক্সপোনাসনামক পরবানার ক্ষমতাতে পবলিকসেলে অর্থাৎ নীলামে ইহা বিক্রয় করিবেন।

বিশেষতঃ পুরাতন বৌবাজার স্ত্রিট মেরাজানির গলির শামিল ও তন্মধ্যস্থিত ইষ্টনির্ম্মিত প্রাচীরবেষ্টিত যে এক বাটী নং ৩৬ এবং তৎসঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূভূমি অনুমান /২ দুই কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী রাবর্ট জান ওএকফীল্‌ড সাহেবের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

সরিফের দপ্তরে অন্বেষণ করিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিলেন।

---

## রামায়ণ।

সর্ব্বজন জ্ঞাতকারণ এই বিজ্ঞাপন পত্র প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে

সপ্তকাণ্ড রামায়ণ।

শ্রীরামপুরের উত্তম কাগজে উত্তম বাঙ্গলা অক্ষরে মহাকবি কৃত্তিবাসঃপণ্ডিতরচিত সপ্ত কাণ্ড রামায়ণ মুদ্রাঙ্কিতোত্তর জেল্‌দবন্দি হইয়া ৩ বালমে প্রস্তুত হইয়াছে সমুদায়ের মূল্য ৮ টাকা স্থির করা গিয়াছে। যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি আপন নাম ধাম লিখিয়া পাঠাইলে অনায়াসে তাঁহার নিকটে পঁহুছিবেক এবং কলিকাতা নগরে লালগির্জ্জার নিকটে এখানকার কেতাবের গুদামে পাঠাইলে পাইবেন অথবা শ্রীরামপুরের ছাপাখানাতে আপনি আইসেন কিম্বা লোক প্রেরণ করেন আগতমাত্র পাইবেন। যে মহাশয়েরা পূর্ব্বে যে দুই তিন কাণ্ড যে মূল্যে লইয়াছেন তাঁহারদিগকে অবশিষ্ট কাণ্ড সকল ৮ টাকা মূল্যের হিসাবে দেওয়া যাইবে কেবল জেল্‌দের খরচ ১ টাকামাত্র অধিক লাগিবে।

---

## সটীকমনুঃ।

সর্ব্বজনের জ্ঞাত কারণ এই বিজ্ঞাপন পত্র প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে

কুল্লূকভট্টটীকাসহিত মনুসংহিতা।

শ্রীরামপুরের উত্তম কাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে মুদ্রাঙ্কিতোত্তর জেল্‌দবন্দি হইয়া প্রকাশ হইয়াছে মূল্য ৪ চারি টাকা স্থির করা গিয়াছে। যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি আপন নাম ধাম লিখিয়া পাঠাইলে অনায়াসে তাঁহার নিকট পঁহুছিবেক এবং কলিকাতা নগরে লাল গির্জার সম্মুখে এখানকার কেতাবের গুদামে পাঠাইলে পাইবেন অথবা শ্রীরামপুরের ছাপাখানাতে স্বয়ং লইতে আইসেন কিম্বা লোক প্রেরণ করেন আগতমাত্রই পাইবেন ইতি।

---

## বাঙ্গলা ভাষায়।

বাঙ্গলা ভাষায় গবর্ণমেণ্টের আইন।

শ্রীযুত গবর্‌নর্‌ জেনরল বাহাদুর যে সকল আইন প্রকাশ করিয়াছেন তাহা শ্রীযুত গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে সংশোধিত হইয়া মুদ্রাঙ্কিত হইয়াছে তাহার প্রত্যেক বালমের মূল্য ২৫ টাকা। প্রথম বালমে ১৭৯৩ সালের তাবৎ আইন আছে দ্বিতীয় বালমে ১৭৯৪।৯৫ সালের তৃতীয় বালমে ইং ১৭৯৬ লাং ১৮০১ সালের চতুর্থ বালমে ইং ১৮০২ লাং ১৮০৯ সালের পঞ্চম বালমে ১৮১০ সাল অবধি ১৮১৫ সালের ষষ্ঠ বালমে ইং ১৮১৬ লাং ১৮২১ সালের সপ্তমবালমে ১৮২২ সালঅবধি ১৮২৬ সালপর্য্যন্তের তাবৎ আইন সংগৃহীত হইয়াছে। অবশিষ্ট আইন এইক্ষণে ছাপা হইতেছে।

দেওয়ানী আইনের খোলাসা।

১৭৯৩ সালঅবধি ১৮১৪ সালপর্য্যন্ত তাবৎ আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

দেওয়ানী আইনের খোলাসার পরিশেষ।

অর্থাৎ ১৮২৫ সাল লাং ১৮৩০ সালের তাবৎ আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ১ টাকা।

ফৌজদারী আইনের খোলাসা।

অর্থাৎ ফৌজদারীবিষয়ক ইং ১৭৯৩ সাল লাং ১৮২৫ সালের গবর্ণমেণ্টের আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

ফৌজদারী আইনের খোলাসার পরিশেষ।

অর্থাৎ ইং ১৮২৬ সাল লাং ১৮৩৩ সালের তাবৎ ফৌজদারী আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

জমীদারী আইনের খোলাসা।

অর্থাৎ ১৭৯৩ সালঅবধি ১৮২৪ সাল পর্য্যন্ত জমীদারীবিষয়ক যে সকল আইন গবর্ণমেণ্টকর্ত্তৃক প্রকাশিত হইয়াছে তাহার সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

বিবিধআইনের খোলাসা।

অর্থাৎ ১৭৯৩ সালঅবধি ১৮২৪ সাল পর্য্যন্ত হাসিল ও নিমক ও আফীন ও ইষ্টাম্প ও আবকারী ও বাণিজ্যবিষয়ক গবর্ণমেণ্টকর্ত্তৃক যে সকল আইন প্রকাশ হয় তাহার সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

নীলবিষয়ক আইন।

অর্থাৎ ১৮১৮ সালের নীলবিষয়ক যে পাঁচ আইন নির্দ্দিষ্ট হয় তাহা। মূল্য ।০ আনা।

মুনসেফ ও সদর আমীন ও প্রধান সদর আমীনের পথদর্শক গ্রন্থ।

অর্থাৎ তাঁহারদের আদালতে মোকদ্দমা নির্ব্বাহার্থ যে সকল বিধির আবশ্যক তাহা গবর্ণমেণ্টের প্রকাশিত আইনহইতে গ্রহণপূর্ব্বক যথাক্রমে অর্পণ হইয়া শ্রীযুত আনরবল বৈস প্রসীডেণ্টসাহেবের হজুর কৌন্সেলের অনুমতিপূর্ব্বক প্রকাশিত হইল। মূল্য ১০ টাকা।

ইষ্টাম্পের আইন।

অর্থাৎ ইষ্টাম্পবিষয়ক ১৮৩২ সালের ১০ আইন তদ্দ্বারা পূর্ব্বকৃত তাবৎ ইষ্টাম্প আইন রদ হয়। মূল্য ২ টাকা।

প্রবোধ চন্দ্রিকা।

সংপ্রতি মহামহোপাধ্যায় মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার ভট্টাচার্য্যকর্ত্তৃক রচিত প্রবোধ চন্দ্রিকানামক গ্রন্থ সাধুভাষাতে উত্তমাক্ষরে উত্তম কাগজে প্রথমবার মুদ্রাঙ্কিত হইয়াছে। মূল্য ৪ চারি টাকা।

মুগ্ধবোধ

অর্থাৎ বোপদেবকর্ত্তৃক রচিত সংস্কৃত মুগ্ধবোধ। মূল্য ১ টাকা।

দেবনাগরে অমরকোষ।

দেবনাগর অক্ষরে প্রকাশিত তাহার ইঙ্গরেজী শ্রীযুত কোলবোরোক সাহেবকর্ত্তৃক সম্পন্ন হইয়া সুজিসমেত দ্বিতীয়বার মুদ্রাঙ্কিত। মূল্য ১২ বার টাকা।

সাংখ্য প্রবচন ভাষ্য।

অর্থাৎ সাংখ্যদর্শনের সংক্ষিপ্ত সংগ্রহ। মূল্য ৫ টাকা।

গোলাধ্যায়।

অর্থাৎ ভূগোলীয় তাবদ্বৃত্তান্ত বাঙ্গলা ভাষায় মুদ্রিত। মূল্য ২ টাকা।

দিগ্‌দর্শন।

অর্থাৎ তাহাতে নানাবিধ উপযোগি সম্বাদসকল বাঙ্গলা ভাষায় মুদ্রাঙ্কিত। মূল্য ৫ টাকা।

যাত্রিকের বিবরণ।

ফিলিক্স কেরি সাহেবকর্ত্তৃক বাঙ্গলা ভাষায় অনুবাদ হইয়া প্রকাশিত হইয়াছে। মূল্য ৪ টাকা।

বিদ্যাহারাবলি।

অর্থাৎ অস্ত্র চিকিৎসা বিদ্যার বিষয় ফিলিক্স কেরি সাহেবকর্ত্তৃক বাঙ্গলা ভাষায় অনুবাদ হয়। মূল্য ১৪ টাকা।

ভারতবর্ষীয় ইতিহাস।

অর্থাৎ ভারতবর্ষে ইঙ্গলণ্ডীয়েরদের প্রথমাগমনাবধি ১৮২২ সালপর্য্যন্ত ইঙ্গলণ্ডীয়েরদের ভারতবর্ষে কৃত তাবৎ ব্যাপারের উপাখ্যান ২ বালমে প্রকাশিত হয় মূল্য ৮ টাকা।

পত্রধারা।

তন্মধ্যে পাঠাপাঠ ও পাট্টা ও কবুলিয়ত দরখাস্তপ্রভৃতি এবং শুভঙ্করী আর্য্যা ও ভাষাসমেত চাণক্যের শ্লোক তৃতীয়বার মুদ্রাঙ্কিত। মূল্য ১ টাকা।

ফোর্ট উলিয়ম
লেজিসলেটিব ডিপার্টমেন্ট
৭ মার্চ ১৮৩৬।

নীচে লিখিতব্য আইনের পাণ্ডুলেখ্য ১৮৩৬ সালেয় ৭ মার্চ তারিখে ভারতবর্ষের শ্রীলশ্রীযুত গবরনর্ জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলে জারী হইয়া সর্ব্বসাধারণের জ্ঞাপনার্থ প্রকাশ হইল।

১৮৩৬ সালের ৫ নং আক্ট।

এবং হুকুম হইল যে বঙ্গদেশে ফোর্ট উলিয়ম রাজধানীর অধীনে তাবৎ জিলা ও শহরের জজ সাহেবেরদিগকে এই ক্ষমতা দেওয়া গেল যে ডিক্রী জারীকরণার্থ তাঁহারদের নিকটে যে দরখাস্ত দেওয়া যায় তাহা আপনারদের অধীনে প্রধান সদর আমীনেরদিগকে অর্পণ করিতে পারেন এবং ঐ প্রধান সদর আমীনেরা ডিক্রী জারীকরণের সাধারণ আইনে যে বিধি আছে তদনুসারে ঐ ডিক্রী জারী করিবেন।

উলিয়ম হে মাকনাটন
ভারতবর্ষের গবর্ণমেন্টের সেক্রেটরী।

## রাজকর্ম্মে নিয়োগ।

২ মার্চ ১৮৩৬।

সিবিলসম্পর্কীয় শ্রীযুত আনরবল জন সি অরস্কিন সাহেব গত মাসের ২৭ তারিখে বিলাতহইতে প্রত্যাগমন করিয়াছেন এমত রিপোর্ট করাতে বঙ্গদেশস্থ রাজধানীভুক্ত হইয়াছেন।

শ্রীযুত এফ এচ হেড সাহেব কোম্পানির কেরাণি হইয়া বর্ত্তমান মাসের ১ তারিখে কলিকাতায় পঁহুছিয়াছেন এমত রিপোর্ট করিয়াছেন।

১ মার্চ।

সুবে বাঙ্গালার শ্রীলশ্রীযুত গবরনর্ সাহেব নীচে লিখিতব্য নিয়োগ করিয়াছেন।

শ্রীযুত আনরবল জে সি অরস্কিন সাহেব ১৮ সংখ্যক অর্থাৎ যশোহর অঞ্চলের রেবিনিউ ও দায়েরসায়েরী কমিস্যনরের আসিষ্টান্ট হইয়াছেন।

শ্রীযুত এচ সি হালকেট সাহেব ১৪ সংখ্যক অর্থাৎ মুরশিদাবাদের ঐ ঐ।

শ্রীযুত জে এম হে সাহেব ১৫ সংখ্যক অর্থাৎ ঢাকা প্রদেশের ঐ ঐ।

শ্রীযুত আর বি রামজে সাহেব ১৯ সংখ্যক অর্থাৎ কটক প্রদেশের ঐ ঐ।

শ্রীযুত সি গ্রান্ট সাহেবের অনুপস্থান অথবা অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত আনরবল জে সি অরস্কিন সাহেব সুন্দরবনের একটিং কমিস্যনর হইয়াছেন।

শ্রীযুত জি ইউ উল সাহেব জিলা পবনার জাইন্ট মাজিস্ত্রেট ও ডেপুটি কালেক্টরের ভার গ্রহণার্থ হুকুম পাইয়াছেন।

ঠগ নিবারণার্থ সাধারণ সুপরিন্টেণ্ডেন্টের আসিষ্টান্ট শ্রীযুত কাপ্তান এল লুইস সাহেব জিলা ভাগলপুর ও মালদহ ও রাজশাহী ও মুরশিদাবাদ ও বীরভূম ও বর্দ্ধমানের জাইন্ট মাজিস্ত্রেটের ক্ষমতানুসারে কার্য্যকরণার্থ হুকুম পাইয়াছেন।

শ্রীযুত মীরজা আফা নবাবের পরিবর্ত্তে শ্রীযুত মহম্মদ রহমত খাঁ অন্য হুকুম না হওনপর্য্যন্ত ১৮৩৩ সালের ৯ আইনঅনুসারে জিলা বেহারের একটিং ডেপুটি কালেক্টর হইয়াছেন।

নীচে লিখিতব্য সাহেবেরা স্ব২ কর্ম্মস্থানহইতে ছুটি পাইয়াছেন।

চব্বিশপরগনার সিবিল ও সেসন জজ শ্রীযুত ই আর বারবেল সাহেব গত মাসের ২ তারিখে যে ছুটি পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে বর্ত্তমান মাসের ১ তারিখঅবধি ৩১ তারিখপর্য্যন্ত এক মাসের ছুটি পাইয়াছেন।

জিলা বেহারের একটিং সিবিল ও সেসন জজ শ্রীযুত জে সি ব্রৌণ সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে কলিকাতায় থাকিতে কএক দিবসের ছুটি পাইয়াছেন।

১৯ সংখ্যক অর্থাৎ কটক অঞ্চলের রেবিনিউ ও দায়েরসায়েরী কমিস্যনরের আসিষ্টান্ট শ্রীযুত জে এস টরেন্স সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক পক্ষের ছুটি পাইয়াছেন।

FORT WILLIAM,
LEGISLATIVE DEPARTMENT,
*7th March*, 1836.

The following Act passed by the Right Honourable the Governor General of India in Council on the 7th March, 1836, is hereby promulgated for general information:

ACT, No. V. OF 1836.

It is hereby enacted, that it shall be competent to the Zillah and City Judges within the Presidency of Fort William in Bengal, to refer to the Principal Sudder Ameens subordinate to them, applications for the enforcement of Decrees, to be executed by the said Principal Sudder Ameens, under the Rules prescribed in the General Regulations, applicable to such cases.

W. H. MACNAGHTEN,
*Sec. to the Govt. of India.*

## Civil Appointments.

*2d March*, 1836.

The Honourable John C. Erskine, of the Civil Service, reported his return from England on the 27th ultimo, and is assigned to the Bengal Presidency.

Mr. F. S. Head reported his arrival as a Writer on this Establishment on the 1st instant.

*1st March.*

The Honourable the Governor of Bengal has been pleased to make the following appointments:

The Honourable J. C. Erskine to be an Assistant under the Commissioner of Revenue and Circuit of the 18th or Jessore Division.

Mr. H. C. Halkett to be an Assistant under ditto ditto of the 14th or Moorshedabad Division.

Mr. J. M. Hay to be an Assistant under ditto ditto of the 15th or Dacca Division.

Mr. R. B. W. Ramsay to be an Assistant under ditto ditto of the 19th or Cuttack Division.

The Honourable J. C. Erskine to officiate as Commissioner in the Soonderbuns during the absence of Mr. C. Grant, or until further orders.

Mr. G. U. Yule has been authorized to exercise the powers of a Joint Magistrate and Deputy Collector in Zillah Pubna.

Captain N. Lowis, Assistant to the General Superintendent of the Operations for the Suppression of Thuggee, has been authorized to exercise the powers of a Joint Magistrate in Zillahs Bhaugulpore, Malda, Rajeshahy, Moorshedabad, Beerbhoom, and Burdwan.

Mahomed Ruhmut Khan to officiate, until further orders, as Deputy Collector in Zillah Behar under Regulation IX. of 1833, in the room of Mirza Aka Newab.

The following officers have obtained leave of absence from their stations:

Mr. E. R. Barwell, Civil and Session Judge of the 24-Pergunnahs, for one month, from the 1st to the 31st instant, on medical certificate, in extension of the leave granted him on the 2d ultimo.

Mr. J. C. Brown, officiating Civil and Session Judge of Zillah Behar, for a few days to remain in Calcutta, on medical certificate.

Mr. J. S. Torrens, Assistant under the Commissioner of Revenue and Circuit of the 19th or Cuttack Division, for a fortnight, on medical certificate.

২০ ফেব্রুআরি।

শ্রীযুত এস ফ্রেজর সাহেব বুন্দেলখণ্ডের শ্রীযুত গবরনর্ সাহেবের এজেন্ট হইয়াছেন।

২ মার্চ।

কলিকাতাস্থ গবর্ণমেন্টের হাসীলের দ্বিতীয় ডেপুটি কালেক্টর শ্রীযুত ডবলিউ ব্রাকেন সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে বর্ত্তমান মাসের ৭ তারিখঅবধি একমাস কর্ম্মাবসরের অনুমতি পাইয়াছেন।

২৪ ফেব্রুআরি।

মুরদাবাদের সিবিল ও সেসন জজ শ্রীযুত ই জে স্মিথ সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে পর্ব্বতে গমনার্থ মার্চ মাসের ১৫ তারিখঅবধি আগামি অক্তোবর মাসের ১ তারিখপর্য্যন্তের ছুটি পাইয়াছেন।

শ্রীলশ্রীযুত গবরনর্ সাহেব শ্রীযুত স্মিথ সাহেবের অনুপস্থানপর্য্যন্ত শ্রীযুত আর কাথকার্ট সাহেবকে মুরদাবাদের একটিং সিবিল ও সেসন জজী পদে নিযুক্ত করিয়াছেন।

১৯ ফেব্রুআরি।

আলাহাবাদের সদর দেওয়ানী ও নিজামত আদালতের জজ শ্রীযুত সি টি সিলি সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে গত নবেম্বর মাসের ৪ তারিখে যে ছুটি পান তদতিরিক্ত চারি মাসের ছুটি পাইয়াছেন।

২৯ ফেব্রুআরি।

শ্রীলশ্রীযুত গবরনর্ সাহেব নীচে লিখিতব্য নিয়োগ করিয়াছেন।

শ্রীযুত ডবলিউ বি জাকসন সাহেব গাজিপুরের একটিং উপরি জজের কর্ম্মে পুনশ্চ নিযুক্ত হইয়াছেন।

শ্রীযুত ডবলিউ এচ বেনসন সাহেব জ্বনপুরের একটিং সিবিল ও সেসন জজ হইয়াছেন।

শ্রীযুত জি লিণ্ডে সাহেব গোরক্ষপুরেরএকটিং উপরি জজ হইয়াছেন।

জেনরল ডিপার্টমেণ্ট ৪ মার্চ।

শ্রী শ্রীযুত গবরনর্ জেনরল নীচে লিখিতব্য নিয়োগসকল সর্ব্বসাধারণকে জ্ঞাপন করিবেন।

শ্রীযুত জে আর কালবিন সাহেব শ্রীলশ্রীযুত গবরনর্ জেনরল বাহাদুরের নিজের সেক্রেটরী হইয়াছেন।

শ্রীলশ্রীযুত বাদশাহের ২৬ রেজিমেন্টের ইনশাইন শ্রীযুত আনরবল উলিয়ম গডল্‌ফিন অসবর্ণ সাহেব শ্রীলশ্রীযুত গবরনর্ জেনরল বাহাদুরের যুদ্ধসম্পর্কীয় সেক্রেটরী হইয়াছেন।

নীচে লিখিতব্য সাহেবেরা শ্রীলশ্রীযুত গবনর্ জেনরল বাহাদুরের মুসাহেবীপদে নিযুক্ত হইয়াছেন।

বিশেষতঃ শ্রীলশ্রীযুত বাদশাহের ৩১ রেজিমেন্টের কাপ্তান শ্রীযুত জে বর্ণ সাহেব।

বঙ্গদেশস্থ পদাতিক সৈন্যের ৩৩ রেজিমেন্টের লেপ্তেনন্ত শ্রীযুত ই জি চাম্পনিস সাহেব।

বঙ্গদেশস্থ গোলন্দাজের লেপ্তেনন্ত শ্রীযুত জি এচ মাকগ্রিগর সাহেব।

শ্রীলশ্রীযুত বাদশাহের ২৬ রেজিমেন্টের ইনশাইন শ্রীযুত আনরবল উলিয়ম গোল্‌ডফিন অসবর্ণ সাহেব।

# সমাচার দর্পণ

শনিবার ১২ মার্চ ১৮৩৬।

লার্ড অকলাণ্ড।

সংপ্রতি জুপিটর জাহাজ আগত হইয়াছে। গত বৃহস্পতিবারে সীমাফোরের দ্বারা জ্ঞাত হওয়া গেল যে খাজরীতে ঐ জাহাজ পঁহুছিল অতএব ঐ দিবস অপরাহ্ণেই কলিকাতায় পঁহুছিবে এমত অপেক্ষা থাকাতে শ্রীলশ্রীযুত লার্ড অকলণ্ড সাহেবের সহিত সাক্ষাৎকরণার্থ গবর্ণমেণ্ট প্রাসাদে বহুতরজন সমাগত হইয়াছিলেন কিন্তু তদ্বিষয়ে তাঁহারা ভগ্নাশ হইয়া প্রত্যাগমন করিলেন। ঐ দিবসে কলাগাছিয়াতেই জুপিটর জাহাজে শ্রীলশ্রীযুত অব

*20th February.*

Mr. S. Fraser to be Agent to the Governor in Bundlekund.

*2d March.*

Mr. W. Bracken, 2d Deputy Collector of Government Customs, Calcutta, is permitted to be absent from his office for a period of one month, on private affairs, from the 7th instant.

*24th February.*

Mr. E. J. Smith, Civil and Session Judge of Moradabad, has obtained leave of absence from his station from the 15th of March to the 1st of October next, to proceed to the Hills, on medical certificate.

The Honourable the Governor has been pleased to appoint Mr. R. Cathcart to officiate as Civil and Session Judge of Moradabad, during Mr. Smith's absence.

*19th February.*

Mr. C. T. Sealy, Judge of the Sudder Dewannee and Nizamut Adawlut at Allahabad, has obtained leave of absence for four months, on medical certificate, in extension of the leave granted him on the 4th November last.

*29th February.*

The Honourable the Governor has been pleased to make the following appointments:

Mr. W. B. Jackson re-appointed to officiate as additional Judge at Ghazeepore.

Mr. W. H. Benson to officiate as Civil and Session Judge of Juanpore.

Mr. G. Lindsay ditto as Additional Judge of Goruckpore.

GENERAL DEPARTMENT, MARCH 4TH.

The Governor General notifies the following appointments:—

J. R. Colvin, Esq. to be Private Secretary to the Governor General.

Ensign the Honourable Wm. Godolphin Osborne, of H. M. 26th Regt. to be Military Secretary to the Governor General.

The following gentlemen have been appointed Aids-de-Camp to the Governor General.

Capt J. Byrne, H. M. 31st Regiment.

Lieut. E. G. I. Champneys, 33d B. N. I.

Lieut. G. H. Macgregor, Bengal Artillery.

Ensign the Honourable Wm. Godolphin Osborne, H. M. 26th Regiment.

H. T. PRINSEP, *Secretary.*

# SUMACHAR DURPUN.

SATURDAY, 12TH MARCH, 1836.

*Lord Auckland.*

The *Jupiter* is at length arrived. On the 3d inst. the Semaphore announced her arrival at Kedgeree, and as it was expected that she would reach Calcutta on the afternoon of that day a large party was assembled at Government House to meet Lord Auckland; but were disappointed. His Lordship remained on board the *Jupiter* at Diamond Harbour, and declared his intention of landing on

স্থান করিলেন এবং শুক্রবার অপরাহ্নে কলিকাতা রাজধানীতে উত্তীর্ণ হইবেন এমত কল্প জ্ঞাপনকরাতে শ্রীলশ্রীযুতকে গ্রহণার্থ সৈন্যেরা শ্রেণীবদ্ধ হইয়া দণ্ডায়মান ও রীতিমত তাবদায়োজন প্রস্তুত হইলেও সমাগত সজ্জনসমূহ পুনর্ব্বার অকৃতার্য্য হইলেন যেহেতুক জুপিটর জাহাজ আগমনকরাতে অতিসঙ্কট একটা স্থানে অন্য জাহাজ মগ্ন না হয় এই উদ্যোগকরত চড়াতে ঠেকিল তৎক্ষণাৎ উদ্ধারার্থ কৃত নানাপ্রকার উদ্যোগ বিফলহওয়াতেই শ্রীযুত বাষ্পীয় জাহাজআরোহণ করিলেন। পরে ঐ দিবসীয় রাত্রি সাড়ে দশ ঘণ্টাসময়ে রাজধানীতে উত্তীর্ণ হইয়া সুপ্রসাদে গবর্ণমেণ্ট প্রাসাদে শুভগমন করিলেন। অনন্তর কমিস্যন পাঠকরণানন্তর রীতিমত শপথ সমাপনপুরঃসর শ্রীলশ্রীযুত স্বীয় গবর্নর্ জেনরলীপদ গ্রহণ করিলেন।

---

বাষ্পীয় জাহাজবিষয়ক দরখাস্ত।

ইঙ্গলণ্ড ও ভারতবর্ষের মধ্যে বাষ্পীয় জাহাজ গমনাগমনের সুযোগকরণার্থ পার্লিমেণ্টে ও কোর্ট অফ ডৈরেক্তর্সে ও বোর্ড কন্ত্রোলে দরখাস্তকরণের বিবেচনার্থ গত শনিবারে কলিকাতায় বহুতর ব্যক্তির এক বৈঠক হয়। সম্বাদপত্রে লেখে যে ঐ বৈঠকে প্রায় সাত শত লোক উপস্থিত হন তন্মধ্যে এতদ্দেশীয় অত্যল্প মহাশয় সমাগত ছিলেন। তাহাতে শ্রীযুত সর এড্বার্ড রয়ন সাহেব সভাপতি হইলেন। তদ্বিষয়ে কোন২ সাহেব লোক অতিসদ্বক্তৃতা করিলেন অনন্তর ঐ আবেদনপত্রার্থে সকলই সম্মত হইলেন। ঐ পত্র এইক্ষণে ইঙ্গলণ্ড দেশে প্রেরিত হইবে। তাহাতে নীচে লিখিতব্য বিবরণ অর্থাৎ যাহাতে বাষ্পীয় জাহাজ যাতায়াতের অত্যাবশ্যকতা দৃষ্ট হইয়াছে তাহা লিখিত আছে।

আমরা আপনকার বোর্ডকে জ্ঞাপন করিতেছি যে ইঙ্গলণ্ডদেশহইতে ডাকঘরের দ্বারা যত পত্র ইঙ্গলণ্ড দেশহইতে ভারতবর্ষে প্রেরিত ও এতদ্দেশহইতে ইঙ্গলণ্ড দেশে প্রেরিত হয়। তৎসংখ্যক এই

| | আমদানী | রপ্তানী |
|---|---|---|
| গড়ে পাঁচ বৎসরে কলিকাতায় ......... | ৮৯,১৮৯ | ৭২,৩৯৭ |
| গড়ে পাঁচ বৎসরে মান্দ্রাজে ............... | ৩১,৩০৬ | ৪০,৬১৪ |
| বোম্বাইতে তথাকার শ্রীযুত ডাকের অধ্যক্ষ সাহেবের পত্রক্রমে .... | ৩০,০০০ | ২৪,০০০ |
| সিংহলদ্বীপে পত্রের সংখ্যা নির্দ্দিষ্ট নাই কিন্তু অনুমান .......... | ৬,০০০ | ৬,৫০৫ |
| | ১,৫৬,৪৯৫ | ১,৪৩,৫১৬ |

সর্ব্বসুদ্ধ ৩,০০,০১১

এই সকল হিসাব সরকারী বহীহইতে লওয়া গিয়াছে।

উক্ত স্থান সকলের সঙ্গে ইউরোপের প্রতিবৎসরে যত বাণিজ্যব্যবসায় হইয়া থাকে তাহার সংখ্যা তিন বৎসরে অর্থাৎ ১৮৩০। ৩১। ৩২ সালে গড় হিসাবেতে এমত দৃষ্ট হইতেছে।

| | |
|---|---|
| কলিকাতা .......... | ৩,৭৯,৪৯,৬৮১ টাকা |
| মান্দ্রাজ............. | ৫৯,১০,০৪২ |
| বোম্বাই ........... | ১,৬৩,৮৯,৬২৯ |
| সিংহলদ্বীপ ........ | ১৮,৮৮,০০৭ |

সর্ব্বসুদ্ধ ৬,২৩,৩৭,৩৫৯

এই মহামূল্য বাণিজ্যের পূর্ব্বোক্ত যে সংখ্যা লেখা গেল তাহা কোম্পানি বাহাদুরের বাণিজ্য ক্ষমতা রহিতকরণের পূর্ব্বে উক্তসকল স্থানে ভিন্ন২ বাণিজ্যকারি মহাজনেরদের বাণিজ্যের। এবং ঐ তিন বৎসরে কোম্পানি বাহাদুরের কলিকাতা ও মান্দ্রাজহইতে ইঙ্গলণ্ডদেশহইতে আমদানী করা দ্রব্যের মূল্যের হিসাব

Friday evening. Troops were accordingly drawn up and every preparation was made for His Lordship's reception; but the spectators were subjected to a second disappointment. The *Jupiter* in coming up, in a dangerous part of the river, to avoid running down a bark, took the ground, and every effort to extricate her immediately having proved ineffectual. His Lordship was obliged to quit and proceed up in the Steamers. He reached Calcutta about half-past ten in the evening, and proceeded to Government House, when his commission was read, and he was immediately sworn in.

---

*Petition on the subject of Steam.*

A very numerous meeting was held in Calcutta on Saturday last for the purpose of petitioning Parliament, and the Court of Directors and the Board of Controul, on the subject of Steam communication between India and England. The papers state that nearly seven hundred persons were present, but that few of them were natives. Sir Edward Ryan was in the chair. Some very good speeches were made and addresses were agreed to. The memorials now to be sent home, contain the following particulars, which shew the importance of establishing such a communication by steam.

"That Your Memorialists deem it proper to bring to the notice of your Right Honourable Board, that the average number of letters received from England and despatched thither in India through the Post Offices annually may be taken as follows :—

| | *Received.* | *Despatched.* |
|---|---|---|
| Calcutta, ... ... ... | 89,189 | 72,397 |
| *On an average of 5 years.* | | |
| Madras, ... ... ...... | 31,306 | 40,614 |
| *On an average of 5 years.* | | |
| Bombay,.......... | 30,000 | 24,000 |
| *From a note of the Post Master General.* | | |
| Galle—*the number received not known but say,* | 6,000 | 6,505 |
| *The number despatched is from official reports.* | | |
| | 1,56,495 | 1,43,516 |
| Together,...... | | 3,00,011 |

"That the average annual amounts of Mercantile transactions with Europe at the above places were on an average of three years, viz. 1829-30 to 1831-32 as follows:—

| | | |
|---|---|---|
| Calcutta, ............ | Rs. | 3,79,49,681 |
| Madras, ............ | ,, | 59,10,042 |
| Bombay, ............ | ,, | 1,63,89,629 |
| Ceylon, ............ | ,, | 18,88,007 |
| Together,....... | Rs. | 6,23,37,359 |

"That the valuable commerce just noticed was the average of the private transactions of the above places prior to the abolition of the right to trade on the part of the East India Company, and that the annual average amount of the trade of the Company during the same period from

১৯১৭৭৪৯৯ টাকা ইহা ভিন্ন বোম্বাইর বাণিজ্য ছিল তাহা আমরা জ্ঞাত নহি। এই তাবৎ বাণিজ্য উত্তরকালে সাধারণ মহাজনেরদের বাণিজ্যের মধ্যেই চলিবে তাহা হইলে বাণিজ্যের সমুদায়ে মূল্য আট কোটি পনর লক্ষ চৌদ্দ হাজার আট শত বায়ান্ন টাকা হয়। তাহা এইরূপে দৃষ্ট হইতেছে।

| | |
|---|---|
| বঙ্গদেশে কোম্পানি বাহাদুরের আমদানী ও রপ্তানীর বাণিজ্য ............... | ১,৬৮,৩৮,৮৬১ |
| মান্দ্রাজে............... | ২৩,৩৮,৬৩২ |
| কোম্পানি বাহাদুরের সর্ব্বসুদ্ধ মান্দ্রাজ ও বঙ্গদেশের বাণিজ্য ............... | ১,৯১,৭৭,৪৯৩ |
| কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাই ও সিংহলদ্বীপের সাধারণ মহাজনেরদের বার্ষিক বাণিজ্য ............... | ৬,২৩,৩৭,৩৫৯ |
| সর্ব্বসুদ্ধ ভারতবর্ষীয় ও ইউরোপীয় বাণিজ্য .......... | ৮,১৫,১৪,৮৫২ |

কিন্তু এই হিসাবের মধ্যে পূর্ব্বোক্তমত বোম্বাইতে কোম্পানি বাহাদুরের বাণিজ্য ধরা গেল না যেহেতুক তাহার সংখ্যা জানিতে পারা যায় নাই। এতদতিরিক্ত আমরা ইঙ্গলণ্ডের শ্রীলশ্রীযুক্ত বাদশাহের গবর্ণমেণ্টে জ্ঞাপন করিতেছি যে ইঙ্গলণ্ড দেশ ও চীন দেশে যে বার্ষিক বাণিজ্য চলে তাহার মূল্য পাঁচ ছয় কোটি টাকাপর্য্যন্ত হইবে। এবং বৎসরের মধ্যে ছয় মাস প্রতিকূল বাতাসপ্রযুক্ত চীন ও ইঙ্গলণ্ডদেশের মধ্যে লিখন পঠন কেবল বঙ্গদেশ দিয়া হইতেছে।

পূর্ব্বোক্ত স্থানসকলে প্রতি বৎসরে যত ইউরোপীয় জাহাজারোহিরা যাতায়াত করিয়া থাকেন তাহার সংখ্যা এই।

| | আগত ব্যক্তি | প্রত্যাগত ব্যক্তি |
|---|---|---|
| কলিকাতা | ৭৬৭ | ৬৬৫ |
| মান্দ্রাজ | ৫৭৩ | ৪৫৯ |
| বোম্বাই | ২৮৭ | ৩১৬ |
| সিংহলদ্বীপ | ৮৫ | ১৭ |

---

বেলূন।

যে বেলূন যন্ত্রেতে এই মাসের ১৬ তারিখে শ্রীযুত রাবর্টসন সাহেব ঊর্দ্ধপথে গমন করিবেন তাহার পরিধি ১৬ হাত। তন্মধ্যে ৯৬০০ ফুট হাইদ্রোজেন গ্যাস থাকিবে ঐ গ্যাস সামান্য বায়ুঅপেক্ষা লঘু। ঐ গ্যাস কোন কিমীয় যন্ত্রের দ্বারা সর্ব্বসাধারণ লোককে দর্শান যাইবে। ঐ যন্ত্রে চব্বিশটা পীপা আছে এবং ঐ পীপাতে ঐ গ্যাস প্রস্তুতকরণোযুক্ত দ্রব্যাদি থাকিবে প্রত্যেক পীপাতে ঊর্দ্ধভাগে চুঙ্গী থাকিবে ঐ চুঙ্গীর দ্বারা গ্যাস বেলূনের সঙ্গে সংলগ্ন হইবে। যখন বেলূন ঐ লঘু বাতাসেতে পূর্ণ হইবে তখন যুদ্ধসম্পর্কীয় বাদ্যকরেরা ঈশ্বর বাদশাহকে রক্ষা করুন এই বোলেতে বাজাইতে থাকিবে এবং ঐ বাদ্যধ্বনি করণসময়েই বেলূন সর্ব্বলোক জ্ঞাত হইতে পারিবে। পরে শ্রীযুত রাবটসন সাহেব বেলূনের নিম্নভাগে সম্বদ্ধ এক যানবিশেষে আরোহণ করিয়া দিদৃক্ষু ব্যক্তিরদের স্থানে বিদায় হইয়া সর্ব্বলোকের দৃষ্টিগোচর হওনার্থ ঐ যানোপরি দণ্ডায়মানথাকিবেন। প্রথমতঃ ক্ষুদ্র এক বেলূন আকাশে ঊর্দ্ধপথে ছাড়িয়া দেওয়া যাইবে এবং এই চিহ্নকরণের পরেই এক জন বিবি সাহেব বেলূনের বন্ধনসকল কাটিয়া দিলে বেলুন অতিগৌরবেতে ঊর্দ্ধগামী হইবে। দুই সহস্র হাত ঊর্দ্ধে উত্তীর্ণ হইলে রাবর্টসন সাহেব পারাসুটনামক যন্ত্রের দ্বারা একটা বানরকে নীচে ফেলিবেন তাহাতে ঐ বানর সমাগত ব্যক্তিরদের মধ্যেই নামিবে। পরে তদপেক্ষা বেলূন ঊর্দ্ধগত হইলে বারর্টসন সাহেব পত্র লিখিয়া একটা কবুতরের দ্বারা উদ্যানস্থ লোকেরদের নিকটে প্রেরণ করিবেন এবং

Calcutta and Madras was Rupees 1,91,77,493 exclusive of that from Bombay, (which is unknown to your memorialists) which amount must eventually be involved in the private transactions of the Commercial community of the two places; making altogether a trade amounting annually to the sum of Rs. 8,15,14,852.

| | | |
|---|---|---|
| Bengal, ... ... ... | Sa. Rs. | 1,68,38,861 |
| Madras,......... | ,, | 23,38,632 |
| Total amount of the late Trade of the Honourable Company at Bengal and Madras, ... ..... ...... | | 1,91,77,493 |
| Private Commerce of Calcutta, Madras, Ceylon and Bombay,... ... ... | | 6,23,37,359 |
| | Rupees | 8,15,14,852 |

exclusive of the late trade of the Honourable Company at Bombay, the amount of which is not known, connected with the commercial correspondence of the above places with Europe; and in addition thereto, your memorialists beg to draw to the attention of His Majesty's Government that the trade of China with England, which amounts to the value of from £5,000,000 to £6,000,000 by the year, is dependent on India during six months out of the twelve for early communication with Great Britain.

"That the average number of Passengers annually arriving at and departing from the undermentioned places may be taken as follows :—

| | | | | |
|---|---|---|---|---|
| Calcutta, ... | Arls. ... | 767 | Dept. | 665 |
| Madras, .... | ,, ... | 573 | ,, | 459 |
| Bombay, .... | ,, ... | 287 | ,, | 316 |
| Ceylon, .... | ,, ... | 85 | ,, | 17" |

—*Hurkaru.*

---

*The Balloon.*

"The balloon, in which Mr. Robertson will make his 16th ascension, is twenty-four feet in diameter. It contains nine thousand and six cubic feet of hydrogen gas: this gas is eight times lighter than the air we breathe; it will be exhibited to the public view by means of a chemical apparatus, composed of 24 casks, containing the requisite substance for its production, each cask surmounted with conducting pipes, which directly communicate with the balloon. When completely filled, a military band will strike up *God save the King!* which will announce the time for the ascension. Mr. Robertson will then get into the car of the balloon and take leave of the spectators; he will stand up in the car that every body may see him. A small balloon as a prelude will first ascend, which signal being given—a Lady will be appointed to cut the fastenings which hold it, when the balloon will majestically ascend! At the height of one thousand yards, Mr. Robertson will send down a small monkey in a parachute, which will descend into the circle. Having ascended to a greater height, Mr. R. will send down pigeons into

তৎপরে যে পর্য্যন্ত লোকের দৃষ্টিগোচর না হয় সেইপর্য্যন্ত আট হাজার হাত অর্থাৎ সওয়া ক্রোশপর্য্যন্ত উঠিবেন।

দর্শিলোকেরদের প্রথম সংখ্যার টিকিট ১৬ টাকা।

দ্বিতীয় সংখ্যার টিকিট ৮ টাকা।

বাগানে গমনের টিকিট ২ টাকা।

শ্রীযুত সর চার্লস মেটকাফ সাহেব রসাপাগলাস্থ যে বাটীতে থাকিতেন তাহার নিকটস্থ উদ্যানে শ্রীযুত রাবর্টসন সাহেব ১৬ তারিখে ঊর্দ্ধে গমন করিবেন।

---

বাষ্পীয় জাহাজ।

কুরিয়রপত্রের দ্বারা অবগত হওয়া গেল যে বাষ্পীয় জাহাজের গমনাগমন বিষয়ে শ্রীযুক্ত কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের বৈরক্তিপুরঃসর গত অক্টোবর মাসে স্বাক্ষরিত এক পত্র গবর্ণমেণ্ট প্রাপ্ত হইয়াছেন। তাহাতে লেখে যে ফরবস জাহাজের গতায়াতে অধিক খরচ হইয়াছে ঐ পত্রে আরো এই অভিযোগ সূচক লিখিত আছে যে কোর্টের নিষেধ থাকিলেও হিউলিণ্ডি জাহাজ সুয়েজ নগরহইতে ডাকের পুলিন্দা বারম্বার আনিতেও লইয়া যাইতে নিযুক্ত হইয়াছে।

উক্ত পত্রে আরো লেখে যে গত সপ্তাহে হিউলিণ্ডি বাষ্পীয় জাহাজের দ্বারা ইঙ্গলণ্ড দেশে প্রেরণার্থ কলিকাতাহইতে বোম্বাইতে যত পত্র প্রেরিত হইয়াছে তৎসংখ্যা ৭৮২ এবং বাষ্পীয় জাহাজের দ্বারা ঐ সকল পত্র প্রেরণের মাসুল ১৭২৮ টাকা। কিন্তু উক্ত সংখ্যক পত্র সরকারী পত্র ব্যতীত।

---

ভারতবর্ষনিমিত্ত বাষ্পীয় জাহাজ।

ভারতবর্ষের পশ্চিম অঞ্চলের নিমিত্ত ইঙ্গলণ্ড দেশে এক্ষণে যে বাষ্পীয় জাহাজ নির্ম্মিত হইতেছে তদ্বিবরণ আমরা লণ্ডননগরের এক সম্বাদ পত্রহইতে গ্রহণপূর্ব্বক প্রকাশ করিতেছি সে শুশ্রূষণীয় বটে।

প্রত্যেক বাষ্পীয় জাহাজ ৬০০ টনধারী ও ২০০ ঘোটকের শক্তিতুল্য বলধারী এবং তাহার সম্মুখদিগে ৬৮ পৌণ্ড গোলাধারী দুই২ তোপ থাকিবেক। প্রত্যেক তোপে ন্যূনাধিক সহস্র বন্দুকের গুলি পোরা যাইবে। এবং ঐ জাহাজে ভারতবর্ষের যুদ্ধসম্পর্কীয় জাহাজহইতে মালিম্‌ ও অধ্যক্ষ নিযুক্ত করা যাইবেক। কিন্তু সামান্য কার্য্য অর্থাৎ সৈন্য ও ডাকের পুলিন্দাপ্রভৃতি লইয়া যাওনার্থ প্রস্তুত থাকিবে। ঐ জাহাজ আগামি প্রথম জুলাই তারিখে টেম্‌স নদীহইতে বাষ্পের দ্বারা বোম্বাইতে পঁহুছিবার কল্প আছে ১ সেপ্তেম্বর তারিখপর্য্যন্তের পঁহুছিবে এমত অপেক্ষা করা যায়। বোধ হয় যে ঐ জাহাজ দক্ষিণ পশ্চিম দিগের বাতাস বহিলেও তাহার বিপরীতে গমন করিতে পারিবে এবং বৎসরব্যাপিয়া সমুদ্রের গমনাগমনের পথ নিয়ত মুক্ত রাখা যাইবে।

---

মালাকানামক বাষ্পীয় জাহাজ।

গবর্ণমেণ্টের নিমিত্ত হাবড়ার ডাক কোম্পানিকর্তৃক এইক্ষণে এক বাষ্পীয় জাহাজ নির্ম্মাণ হইতেছে। ঐ জাহাজ শ্রীলশ্রীযুত লার্ড উলিয়ম বেণ্টীঙ্ক সাহেব পিনাঙ্গ ও শিঙ্গাপুর ও মালাকার গবর্ণমেণ্টে নিযুক্ত রাখিতে কল্প করিয়াছিলেন। ঐ জাহাজ নিযুক্তকরণ কেবল সরকারী কর্ম্মকারকেরদের গমনার্থ নহে কিন্তু আবশ্যক মতে বোম্বেটিয়ারদের সঙ্গে যুদ্ধ করণার্থও বটে।

the garden, conveying letters from him, and he will continue his journey until the spectators will no longer be able to discern him, to the height of 4000 yards.

First Seat Tickets, .. Sa. Rs. 16
Second ditto, .. ........ .... 8
Admission to the Garden, .... 2

"The ascent to take place on the 16th instant at 5 in the evening at Garden Reach in the garden adjoining to the house formerly occupied by Sir Charles Metcalfe."

---

*Steamers.*

We learn from the Courier that an angry letter from the Court of Directors dated in October last has been received by Government on the subject of Steam communication. The letter alludes to the very heavy expenditure which has been incurred in the voyage of the *Forbes;* and complains that, notwithstanding the prohibition of the Court, the *Hugh Lindsay* has been repeatedly employed in carrying the mails to and from Suez.

The same paper states, that the number of letters despatched from Calcutta last week to Bombay to be sent by the *Hugh Lindsay* amounted to seven hundred and eighty-two; and that the charge for Steam Postage on them amounted to 1728 Rs. This number was independent of the Government despatches.

---

*Steamers for India.*

The following account of the Steamers now building in England for the West of India is extracted from a London paper, and will be found interesting:—

"They are to be of 600 tons burthen, 200 horse power, and to mount on their bows two 68-pounders, each gun carrying upwards of one thousand musket balls when loaded. They are to be manned and officered from the Indian Navy; but to be equipped for general service, such as transports, packets, &c. They are to leave the Thames on the 1st of July next, and to steam out to Bombay, which they are expected to reach by the 1st September. It is supposed that these vessels will go against the south-west monsoon, and keep open the communication with the Red Sea all the year round."

---

*Malacca Steamer.*

A Steamer is now building for Government by the Howrah Dock Company, which was intended by Lord William Bentinck to be attached to the Government of Penang, Singapore and Malacca, for the purpose not only of carrying about the public functionaries, but of acting as an armed steamer when necessity might arise.

সর চার্লস মেটকাফ।

বৃহস্পতিবারে এক দরবার হইয়াছে তৎপর সোমবারে তাবৎ প্রদেশীয় প্রধান২ কর্ম্মকারকেরদের সমক্ষে অতিসমারোহপূর্ব্বক শ্রীলশ্রীযুত সর চার্লস মেটকাফ সাহেবকে বাথ উপাধির চিহ্ন প্রদান করা যাইবে এই ঘটনান্তর প্রধান২ মহাশয়েরদিগকে পূর্ব্বাহ্নীয় এক ভোজ দেওয়া যাইবে এবং সায়ংসময়েও নাচ ও মহাভোজ হইবে।

---

চিকিৎসা শিক্ষালয়।

চিকিৎসাশিক্ষালয়ের কার্য্যারম্ভ বর্ত্তমান মাসের ১০ তারিখে না হইয়া দিবসান্তরাপেক্ষায় আছে।

---

ইনশালবেণ্ট আদালত।

গত শনিবার শ্রীযুত মাকনাটন সাহেব ক্রুটেণ্ডন কোং ইষ্টেটসম্পর্কীয় রিপোর্ট ইনশালবেণ্ট আদালতে দাখিল করিলেন। তাহার অভিপ্রায় এই যে শ্রীযুত মাকিণ্টয়র সাহেবের কার্য্য নির্ব্বাহেতে যত টাকার আদায় সম্ভাবনা ছিল তাহা হইয়াছে। কিন্তু তিনি নীলের কুঠীর কার্য্য উত্তমরূপে নির্ব্বাহ অর্থাৎ লাভজনক করিতে পারেন নাই অতএব তদর্থ মেহনতানা প্রাপণের যোগ্য হইতে পারেন না। ডেবিডেণ্টের বিষয়ে শ্রীযুত মাকনাটন সাহেব বিবেচনা করিয়াছেন যে আগামি ফেব্রুআরি মাসপর্য্যন্ত এত টাকা জমা হইবে যে তাহাতে শত করা ১২ টাকা ডেবিডেণ্ড দিতে পারা যাইবে। তাঁহার বোধে তিন চারি বৎসরের মধ্যে ঐ ইষ্টেটের কার্য্য সমাপ্ত হইতে পারিবে এবং তাহাতে শতকরা ৩৫ টাকা ডেবিডেণ্ড দেওনের সম্ভাবনা।

---

গত শনিবারে ইনশালবেণ্ট আদালতে পামর কোং ইষ্টেটহইতে পুনর্ব্বার শত করা ১ টাকা ডেবিডেণ্ড দেওনার্থ ঘোষণা করিতে অনুমতি হইয়াছে। হিসাব দৃষ্টে বোধ হইল যে টাকা জমা আছে তাহা শতকরা ২ টাকা করিয়া ডেবিডেণ্ড দেওনোপযুক্ত বটে। কিন্তু আসৈনি সাহেব এমত বিবেচনা করিয়াছেন যে কএক নীলের কুঠী অদ্যাপি বিক্রয় হয় নাই অতএব তাহার খরচ চালাইবার উপযুক্ত কিঞ্চিৎ টাকা হাতে রাখা উচিত।

---

কল্পিত আইনের বিরুদ্ধে আপীলকরণ।

শ্রীলশ্রীযুত বাদশাহের ইঙ্গলণ্ডদেশজাত ভারতবর্ষবাসি প্রজারা ভারতবর্ষস্থ শ্রীলশ্রীযুত গবর্‌নর্‌ জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলে অর্পণার্থ এক দরখাস্ত প্রস্তুত করিয়াছেন। ঐ দরখাস্ত স্বাক্ষরিতহওনার্থ এইক্ষণে কলিকাতার এক্সচেঞ্জঘরে রাখা গিয়াছে। তাহাতে তাঁহারদের এই নিবেদন যে মফঃসল আদালতের ফয়সলা না মঞ্জুর করিয়া সুপ্রিম কোর্টে আপীলকরণের যে ক্ষমতা পার্লিমেণ্টের আইনঅনুসারে তাঁহারদিগকে দেওয়া গিয়াছে তাহা রহিত না হয়। ঐ দরখাস্তেতে হরকরা সম্বাদপত্রের পূর্ণ এক কলম হইয়াছে তাহা দর্পণে প্রতিবিম্বিত করিলে এক পেজ হইত সুতরাং তাহাঅর্পণে আমারদের ক্ষান্ত থাকিতে হইল।

---

পাঠক মহাশয়েরদের স্মরণ থাকিবে যে তাবদ্দেশ ব্যাপিয়া তাবৎ ব্রিটনীয় প্রজারদিগকে সদর আমীন ও প্রধান সদর আমীনের এলাকার অধীনকরণার্থ ব্যবস্থাপক কৌন্সেলে এক নূতন আইন প্রথম বার পঠিত হইয়াছিল তাহা আমরা প্রকাশ করিলাম।

তাহাতে গত ২ মার্চ তারিখে পূরণিয়া নিবাসি সাহেব লোকেরা ঐ আইন বিবে

*Sir Charles Metcalfe.*

A Durbar was held on Thursday last; and on the following Monday Sir Charles Metcalfe is to be invested with the Insignia of the Bath in the presence of all the heads of departments. After the ceremony, there will be a public breakfast, followed in the evening by a grand ball and supper.

---

*Medical College.*

The ceremony of opening the Medical College has been postponed from the 10th instant to some other day in the present month.

---

*Insolvent Court.*

In the Insolvent Court on Saturday last, Mr. Macnaghten filed his report regarding the Estate of Cruttenden and Co. His report was in substance that a fair proportion of assets had been realized under Mr. Macintyre's direction; that his management of the Indigo factories had neither been judicious nor fortunate, nor such as to entitle him to a remuneration. As to a dividend Mr. Macnaghten thought that there would be assets in hand next February sufficient to divide twelve per cent. In his opinion the Estate might be wound up in three or four years, and the total out-turn would be thirty-five per cent.

---

In the Insolvent Court last Saturday, permission was given to declare another dividend of one per cent. on the estate of Palmer and Co. The accounts shewed that there were assets in hand sufficient for a dividend of two per cent. but as there are some Indigo factories yet unsold, the Assignees have deemed it right to keep in hand a sufficient sum to meet their outlay.

---

*Appeal against the proposed Act.*

A petition has been drawn up to the Governor General of India in Council, by the British born subjects of His Majesty in India, and now lies for signature at the Exchange in Calcutta. It prays that the right of appeal to the Supreme Court from the decisions of the Mofussil Courts which was granted by Act of Parliament, may not be taken away. The petition occupies a whole column of the Hurkaru, and would take up more than a page of the Durpun. We are therefore reluctantly obliged to omit it.

---

Our readers may remember our having published some time ago, the draft of a new Regulation which had been read for the first time in Council, and which subjects all British Inhabitants throughout the country, to the Courts of Sudder Ameens and Principal Sudder Ameens.

A meeting of the British Inhabitants of Poornea was held on the

চনার্থ এক বৈঠক করিলেন এবং তৎসময়ে কৌন্সেলে বিজ্ঞাপনার্থ নানাবিষয়ে সকলই সম্মত হইলেন ঐ জিজ্ঞাপনীয় বিষয়ের মধ্যে প্রথম যেতিন প্রস্তাব হয় তাহাতে আমারদের বিশেষ মনোযোগ করা উচিত।

১। ভারতবর্ষের শ্রীলশ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরের নিকটে অর্পণার্থ অতিসম্মানসূচক এক দরখাস্ত প্রস্তুত করা যায়। তাহাতে এইপ্রার্থনা থাকে যে মফঃসল আদালতসকল এইক্ষণে যদ্রূপাবস্থায় আছে তদ্দৃষ্টে আমারদিগকে ঐ আদালতের অধীন করিতে এবং শ্রীলশ্রীযুত ইঙ্গলণ্ড বাদশাহের আদালতে আপীল রহিত করিতে কোন আইন না হয়।

২। যে এতদ্দেশীয় জজের আদালতে দেওয়ানী মোকদ্দমা বিষয়ে আমারদিগকে অধীন করিতে যে কল্প হইয়াছে তাঁহারদের উৎকোচাদি গ্রহণের প্রসিদ্ধ স্বভাব দৃষ্টে আমারদের বোধ হয় যে ঐ আদালতে অপক্ষপাত যথার্থ বিচার কখনহইতে পারে না।

৩। যেপর্য্যন্ত নূতন আইন না হয় এবং যেপর্য্যন্ত সদর আমীন ও প্রধান সদর আমীনী পদে বিজ্ঞবর যাথার্থিক ব্যক্তি নিযুক্ত হইয়া মফঃসল আদালত শুধরণ না যায় সেইপর্য্যন্ত ঐ আদালত ও ঐ জজ সাহেবেরদের অধীনে রাখিলে আমারদের একেবারে সর্ব্বনাশ।

---

### শহরের মাসুল।

সংপ্রতি রাহাদারি মাসুলের শূলহইতে মুক্ত হইলাম এইক্ষণে আকাঙ্ক্ষণীয়বিষয় এই যে নগরীয় মাসুলও সমূলোৎপাটিত হয়। হরকরাপত্রের দ্বারা শুনিয়া পরমাপ্যায়িত হওয়া গেল যে কষ্টম বোর্ডের সাহেবেরা গবর্ণমেণ্টে এমত দরখাস্ত করিতে নিশ্চয় করিয়াছেন যে শহরের মাসুল রাখাও অত্যনুচিত। আরো অবগত হওয়া গেল যে কলিকাতাস্থ চেম্বর অফ কমর্স অর্থাৎ বাণিজ্যসমাজও এতদ্বিষয়ে গবর্ণমেণ্টে এক দরখাস্ত দিতে উদ্যোগী আছেন। অতএব ঐ মাসুলও অত্যল্প কালের মধ্যে উঠিয়া যাইবে সন্দেহ নাই। নগরীয় মাসুল থাকাতে কলিকাতাবাসি এতদ্দেশীয় ব্যক্তিরদের অধিক ক্লেশ হইতেছে। অতএব গবর্ণমেণ্টে এমত এক দরখাস্ত দেওয়াতে এবং সেই দরখাস্তে বহু ব্যক্তি স্বাক্ষর করিতে বিলম্ব না করা উচিত।

---

কুরিয়র পত্রের দ্বারা অবগত হওয়া গেল যে চেম্বর অফ কমর্স অর্থাৎ কলিকাতাস্থ বাণিজ্য সমাজ বঙ্গদেশে রাহাদারী মাসুল রহিতকরণ নিমিত্ত শ্রীলশ্রীযুত সর চার্লস মেটকাফ সাহেবকে আপনারদের অতিবাধ্যতাসূচক এক প্রশংসা পত্র অর্পণার্থ স্থির করিয়াছেন। আমারদের ভরসা হয় যে এতদ্দেশীয় লোকেরাও অগ্রসর হইয়া তদ্বিষয়ে তাঁহাকে প্রশংসা পত্র প্রদান করিবেন যেহেতুক ঐ উত্তম সুনিয়মেতে যাঁহারা বিশেষোপকৃত হইবেন তাঁহারা প্রায় সকলই এতদ্দেশীয় লোক।

---

### পূর্ণচন্দ্রোদয়।

আমরা পূর্ণচন্দ্রোদয়সম্পাদকের নিকট হইতে এক পত্র প্রাপ্ত হইলাম তাহাতে এই প্রস্তাব আছে যে আমরা ঐ সম্বাদপত্রের বিবরণ দর্পণে প্রকাশ করি। এতদ্রূপে এক পত্রের ইশ্‌তেহার অন্য পত্রে দেওয়া যদ্যপিও রীতিমত নহে তথাপি সম্পাদকের ইচ্ছানুসারে তাহা আমরা আহ্লাদ পূর্ব্বক দর্পণে অর্পণ করিতেছি। ঐ সম্বাদপত্রের ভাবের সঙ্গে যদ্যপি আমারদের তাদৃশ ঐক্য নাই তথাপি এতদ্দেশীয় পাঠকেরদের পঠনবিষয়ক অনুরাগবৃদ্ধির নূতন লক্ষণ দেখিয়া আহ্লাদ জন্মিয়াছে।

2d of March, to take this law into consideration when a series of resolutions were unanimously agreed to, among those the first three appeared to be particularly worthy of attention.

*1st.* That a respectful memorial to the Governor General of India be drawn up for signature, praying that no steps may in the present state of the Mofussil Courts be taken to make us subject to their authority, without the power of appealing to the Courts of our sovereign Lord the King.

*2d.* That from the well known and undoubted venality of the native authorities, to whom it is proposed to make us subject in all civil transactions we are firmly of opinion that justice will not be impartially administered.

*3d.* That until such time as new laws are framed and the Mofussil Courts of Justice reformed, by more enlightened and honest men being appointed to the situations of Sudder Ameens and Principal Sudder Ameens, we consider it ruinous to our interests to be made subjects to such Courts and Authorities.

---

### *Town Duties.*

Now that the Transit Duties have been got rid of, the next object of desire is the abolition of the Town Duties. We are most happy to learn from the Hurkaru that the Board of Customs have determined to represent to Government that it is exceedingly impolitic to keep them up. We learn also that the Chamber of Commerce are about to send in a petition to Government on the subject; and we have no doubt that they will at no distant period be abolished. The natives in Calcutta will be the greatest sufferers from the continuance of the Town Duties, and they ought to lose no time in getting up a petition to Government, and in seeing that it is very numerously signed.

---

We learn from the Courier that the Chamber of Commerce have agreed upon an address of thanks to Sir Charles Metcalfe for the abolition of the Transit Duties throughout Bengal. We hope the natives will also come forward, and as the greatest portion of the benefit of that wise measure will be reaped by them, will present also an address of thanks to our late enlightened Governor General.

---

### *The Poornuchundroduyu.*

We have received a letter from the Editor of this paper, requesting that we would notice it in the Durpun. It is not usual for one paper thus to advertize another, but we have much pleasure in complying with the wishes of the Editor. Although we do not coincide with the spirit of that work, yet we are most happy at every indication of an increase of the love of reading in the native community.

### ইঙ্গরেজীবিদ্যা শিক্ষক।

ইঙ্গরেজীবিদ্যা শিক্ষকেরদের বিষয়ে নীচে লিখিতব্য ইশ্‌তেহার সংপ্রতি কলিকাতা রাজধানীর সম্বাদপত্রে প্রকাশ হইয়াছে।

ইঙ্গরেজী ভাষা ও বিদ্যাধ্যাপন কর্ম্মান্বেষিরদিগকে আহ্বান করা যাইতেছে যে তাঁহারা নীচে লিখিতব্য কোন এক জন সাহেবের নিকট দরখাস্ত করুন ঐ সাহেবেরা তদ্রূপ দরখাস্ত বিবেচনা করিতে সাধারণ বিদ্যাধ্যাপনের কমিটিকর্তৃক নিযুক্ত হইয়াছেন ঐ আবেদকেরা যেং বিদ্যাধ্যয়ন করিয়াছেন এবং পরে কোথায় কর্ম্ম করিয়াছেন তদ্বিস্তারিতসম্বলিত ঐ দরখাস্ত প্রেরণ করিবেন। এবং তাঁহারা অঙ্কবিদ্যা ও ভূগোলবিদ্যা ও ক্ষেত্রমাপকবিদ্যা ও পদার্থজ্ঞানবিদ্যা কিপর্য্যন্ত অধ্যাপনা করিতে পারেন বুঝেন তাহাও বিজ্ঞাপন করিবেন।

এবং ঐ আবেদকেরদের আবেদন পত্রের সহিত এমত স্বং সদাচরণ সূচন সর্টিফিকট থাকিবে যে তাহাতে কোন আপত্তি না জন্মে।

যাঁহারা এতদ্দেশীয় ভাষায় এমত অবিজ্ঞ যে এতদ্দেশীয় ছাত্রেরদিগকে তাহা অভ্যাস করাইতে অপারগ তাঁহারদের দরখাস্ত দেওনের প্রয়োজন নাই।

শ্রীযুত সর এড্‌বার্ড রয়ন।
শ্রীযুত সর বেঞ্জিমেন মালকিন।
শ্রীযুত কাপ্তান বর্চ।
শ্রীযুত সি ই ত্রিবিলয়ন।

---

### বরফ।

অবগত হওয়া গেল যে সংপ্রতি কঙ্কর্ড নামক জাহাজ আমেরিকা দেশহইতে পঁহুছিয়াছে তদ্দ্বারা বরফ ও আমেরিকা দেশজাত নানাবিধ ফল ইত্যাদি টাটকাই আসিয়াছে। কিয়ৎকালাবধি বরফ রাখণার্থ যে ঘর নির্ম্মাণ হইতেছিল তাহা সম্পন্ন হইয়াছে এইক্ষণে ঐ মাল সংগ্রহার্থ প্রস্তুত আছে। বরফ অত্যুপযুক্ত সময়েই পঁহুছিয়াছে যেহেতুক গ্রীষ্ম অন্যান্য বৎসরাপেক্ষা এই বৎসরে কিঞ্চিদ্বিলম্বে হইয়াছে সেও উপস্থিতমাত্র।

---

### লাটরি।

কিয়ৎকাল হইল কএক সম্বাদ পত্রের মধ্যে কথিত হইয়াছিল যে গবর্ণমেণ্ট লাটরি রহিত করিতে কল্প করিয়াছেন তাহার মুখ্য কারণ এই যে তাহাতে প্রায় কিছু প্রাপ্তি নাই। কিন্তু এইক্ষণে অন্যান্য সম্বাদ পত্রে ঐ জনরব অমূলক লেখেন। আমারদের বোধ হয় যে গবর্ণমেণ্ট যদ্যপি এমত কল্প করিয়া থাকেন তথাপি সে কল্পে এইক্ষণে নিবৃত্ত হইয়াছেন। শেষ লাটরিতে গবর্ণমেণ্টের কিঞ্চিৎ প্রাপ্তি হইয়াছে যেহেতুক ভূরিং টিকিট অবিক্রীত ছিল তন্মধ্যেই কতক প্রায়িজ উঠিয়াছে কিন্তু এমত সৌভাগ্য বারম্বার হওন অসম্ভব। যদ্যপি এতদ্রূপ প্রায়িজ না উঠিত তবে এই লাটরিতে অবশ্যই গবর্ণমেণ্টের ক্ষতি হইত।

---

এতদ্দেশীয় এক জন সম্ভ্রান্ত ধনাঢ্য ব্যক্তির স্থানে আমরা অবগত হইলাম যে শ্রীলশ্রীযুত সর চার্লস মেটকাফ সাহেব রাজ্যশাসনসময়ে দেশীয় বহুবিধ হিতজনক কার্য্যের উদ্যোগকরণেতে এতদ্দেশীয় লোকেরা তাঁহার নিকটে কৃতজ্ঞতাস্বীকার সূচনীয় সমাবেদনপত্র অর্পণার্থ মানস করিয়াছেন।

### *English Teachers.*

The following Advertisement on the subject of English Teachers has just appeared in the newspapers of this Presidency :—

"Persons desirous of obtaining employment as Teachers of the English language, and of the rudiments of Science, are invited to address themselves to any one of the undermentioned Gentlemen, who have been requested by the Committee of Public Instruction to receive such applications. Persons applying are requested to send in with their applications, a concise account of the education which they received, and of the manner in which they have since been employed.

"They are requested also to state precisely to what extent they think themselves capable of giving accurate Instruction in Arithmetic, Geography, Elementary Mathematics, and the Outlines of Natural Philosophy.

"Every application must be accompanied by unexceptionable certificates of good moral character.

"No person need apply who has not a sufficient acquaintance with those vernacular languages to enable him to communicate with Native Pupils.

Sir Edward Ryan.
Sir Benjamin Malkin.
Capt. Birch.
Mr. C. E. Trevelyan."

---

### *Ice.*

We learn from the papers that another cargo of ice and apples has been received from America in the *Concord* which is just arrived. It is fortunate that the ice house which has been for some time in preparation, is now ready to receive the cargo. The ice comes in most opportunely, for the hot weather, which has kept off longer than usual, has just set in.

---

### *Lotteries.*

It was stated in some of the papers that Government contemplated abolishing the Lotteries, chiefly on the ground that they had now ceased to afford any revenue. This rumour is contradicted by other papers, and we believe that the design of it, if ever seriously entertained, has been postponed. Upon the last lottery, there was a gain to Government, because some of the many tickets which remained unsold, turned up prizes. But this chance cannot be expected again. Had it not been for these prizes, the recent lottery would have entailed a loss on Government.

---

### *Native Address.*

We understand from a Native gentleman of rank, that it is in contemplation to get up a Native Address to Sir Charles Metcalfe, to thank him for the benefits conferred upon the country, under his administration.—*Cal Cour.*

### রামমোহন রায়ের পুত্র।

শুনিয়া পরমাপ্যায়িত হওয়া গেল যে বোর্ড কন্ট্রোলের অধ্যক্ষ শ্রীযুত সর জন হব হৌস সাহেব ৺ রামমোহন রায়ের পুত্রকে ঐ আপীসে ক্লার্ক পদে নিযুক্ত করিয়াছেন।

## বাঙ্গলা সমাচারপত্রের মর্ম্ম।

শ্রীযুত জ্ঞানান্বেষণসম্পাদক মহাশয়েষু।

গত সপ্তাহের জ্ঞানান্বেষণে রাজা প্রতাপচন্দ্রের বিবরণবিষয়ক যে পত্র প্রকাশ পায় তৎপাঠে অনেকের আহ্লাদ জন্মিয়াছে এবং অন্ত বৃত্তান্ত শ্রবণার্থে তাঁহারা বর্দ্ধমানপানে কাণ পাতিয়া রহিয়াছেন অতএব ঐ রাজার বিষয়ে আমি যাহা শুনিয়াছি তাহাও লিখি অনুগ্রহপূর্ব্বক প্রকাশ করিবেন।

রাজসন্ন্যাসী বর্দ্ধমানহইতে কাঞ্চননগরে শ্রীযুত গুরুপ্রসাদ মুখোপাধ্যায়ের বাটীতে গিয়াছিলেন দুই জন প্রাচীন মালী ঐ যোগীন্দ্রকে বাগানে থাকিতে স্থানদান করিয়াছিল এইপ্রযুক্ত শ্রীযুত প্রাণনাথ বাবু দুই মালিকে কর্ম্মচ্যুত করিয়া কহিলেন তোরা সন্ধ্যার পরে রাজবাটীতে আসিস কিন্তু মালিরা মরণাশঙ্কায় রাজবাটীতে না গিয়া কাঞ্চননগরে যুবরাজের নিকট গমন করিল সন্ন্যাসী মালিরদিগের দুরবস্থা শ্রবণে জিজ্ঞাসা করিলেন তোরা কি বেতন পাইতিস মালিরা কহিল গরীব নেওয়াজ আপনকার সময়ে চারি টাকা করিয়া পাইতাম পরে তিন টাকা হইয়াছিল রাজা কহিলেন ভাল এখনঅবধি পাঁচ টাকা করিয়া পাইবি এই বলিয়া দুই জনকে এক মোহর পারিতোষিক দিলেন। পরে কাঞ্চননগরহইতে বিষ্ণুপুরে প্রস্থানকালীন পথিমধ্যে রাজার পূর্ব্বচাকর নিমাই অশ্বারোহির সহিত সাক্ষাৎ হইল নিমাইকে সন্ন্যাসী জিজ্ঞাসা করিলেন তুমি আমাকে চিনিতে পার নিমাই সেলাম করিয়া কহিল আমি চিনিতে পারিয়াছি মহারাজ আপনি প্রতাপচন্দ্র বাহাদুর। সন্ন্যাসী কহিলেন তুমি এখন কোথায় যাইবে নিমাই কহিল আর কোথায় যাইব আপনকার সঙ্গেই চলিলাম দুই মালী ও ঘোড়সওয়ার নিমাই এখনও সন্ন্যাসীর সঙ্গেই আছে।

বিষ্ণুপুরের বৃত্তান্ত নারদের পত্রেতেই ব্যক্ত আছে তাহা লিখিয়া প্রয়োজন নাই নারদ মহাশয় যাহা ছাড়িয়া গিয়াছেন তাহাই লিখিব অনন্তর মাজিস্ত্রেট সাহেব রাজাকে কয়েদ করিয়া এমত শক্ত ক্লেশ দিতে আরম্ভ করিলেন যে অত্যন্ত দোষির প্রতিও এরূপ ব্যবহার হয় না দুইটি পয়সামাত্র খোরাকী দিতেন কোন লোকের সহিত সাক্ষাৎ হইত না ঐ শক্ত কয়েদ মুক্তহওনার্থে রাজা বাঙ্গালা ভাষাতে চারিখান চিঠীও গবরনর্ কৌন্সেসে অর্পণার্থ এক দরখাস্ত লিখিয়া শ্রীযুত রাধাকৃষ্ণ ঘোষালকে কলিকাতায় প্রেরণ করেন ঘোষাল চিঠী আনিয়া আপনার শাল করিয়াছিলেন এক বাবুর নিকট তাঁহার পত্র দিবামাত্রই বাবু তাঁহাকে পত্রসহিত কলিকাতার পোলীসে পাঠাইয়া দিলেন কিন্তু পোলীসের মাজিস্ত্রেট সাহেব ঘোষালকে কয়েদ না করিয়া ছাড়িয়া দিলেন যাহা হউক রাজা ঐ শক্ত কয়েদ মুক্ত হইয়া এইক্ষণে নজরবন্দি বন্ধনে আছেন এবং যে দরখাস্ত পাঠাইয়াছিলেন বোধ হয় তাহা কৌন্সেলে অর্পিত হইয়াছে অথবা দুই এক দিবসের মধ্যেই হইবে।

আরো শুনিলাম যে রাজবাটীর কারকুন দপ্তরখানার এক জন প্রধান কর্ম্মকারককে প্রাণনাথ বাবু মিথ্যা সাক্ষ্য দিতে কহিয়াছিলেন এ নিমিত্ত তিনি কলিকাতায় পলাইয়া আসিয়াছেন শুনা গেল যে এক দিবস তিনি বাটীর দ্বারে দাঁড়াইয়াছিলেন এমত সময়ে প্রতাপচন্দ্র আরদালি লোকের সমভিব্যাহারে পাল্কি করিয়া তাহার নিকটে আসিয়া জিজ্ঞাসা করিলেন আমি কে চিনিতে পার ঐ কর্ম্মকায়ক বলিলেন হাঁ আপনি মহারাজা প্রতাপচন্দ্র ইহা বলিয়া অনেক সমাদারপূর্ব্বক আহ্বান করিলেন কিন্তু তাঁহার বাটীতে না গিয়া বলিলেন তুমি আমাকে চিনিয়াছ এই বিস্তর ইহা বলিয়া গমন করিলেন ঐ কর্ম্মকারক বলেন রাজাকে নিশ্চয় জানিয়া কি প্রকারে সাক্ষ্য দিব যে জানি না।

সম্পাদক মহাশয় সকলে বলেন রাজাপ্রতাপচন্দ্র যখন অম্বিকাতে আইসেন শ্রীযুত প্রাণনাথ বাবু তাঁহার সঙ্গেই ছিলেন যদি রাজা মরিয়া থাকেন তবে তিনি স্বচক্ষেই দেখিয়াছেন তবে সন্ন্যাসীর প্রতি এত ভয়করণের কারণ কি। আর বর্দ্ধমানসুদ্ধা লোকের চক্ষেই কি সন্ন্যাসী কুহক নিক্ষেপ করিয়াছেন। যে দেখে সেই বলে সন্ন্যাসী প্রতাপচন্দ্র তবে দেশের সকল ব্যক্তিকেই কি সন্ন্যাসী ঘুষে বশ করিয়াছেন।

আরো শুনিয়াছি অম্বিকাতে বর্দ্ধামানের রাজার এক সমাজবাটী আছে রাজপরিবারের মধ্যে যে কেহ মরেন ঐ বাটীতে তাঁহার অস্থি পুঁতিয়া রাখা যায় এবং প্রস্তরেতে মৃত ব্যক্তির নাম ও কতিপয় বিবরণ খোদিত থাকে কিন্তু তাহার মধ্যে রাজা প্রতাপচন্দ্রের নামাদি নাই অতএব যদি প্রতাপচন্দ্র মরিয়াছেন তবে ঐ বাটীতে তাঁহার নাম খোদিত প্রস্তর রাখেন নাই কেন যাহা হউক ফলতঃ সন্ন্যাসীর বিষয়ে প্রবল কোলাহল হইয়াছে কিন্তু শেষ নিষ্পত্তি পরমেশ্বর স্থির করিয়াছেন।

দ্বিতীয় নারদস্য।

—জ্ঞানান্বেষণ।

### কুলীনের বিবাহবিষয়ক।

কুলীন ব্রাহ্মণের অধিক বিবাহ বিষয়ে ধর্ম্মদ্বেষিরা বহুকালাবধি বিরোধী আছেন যখন২ এই বিষয় উপস্থিত হয় আমরা তদুত্তর দ্বারা ভ্রমোপশম করাতেই তাঁহারা নিরস্ত হন এইক্ষণে ইঙ্গরেজী কাগজে ও সমাচার দর্পণে প্রেরিত পত্রচ্ছলে কুলীন ব্রাহ্মণদিগের অনেক গ্লানি করিতেছেন আমরা এপর্য্যন্ত তদুত্তরমাত্র করি নাই সংপ্রতি কিম্বদন্তীদ্বারা অবগত হইলাম লেজিস লেটিব কৌন্সেল এতদ্বিষয়ে মনোযোগ করিবেন অতএব আমারদিগকে লেখনী ধারণ করিতে হইল কৌন্সেল অবশ্যই উভয়পক্ষের বক্তৃতা বিবেচনা বিধায় বিহিত করিবেন।

আদিশূর রাজার রাজ্যশাসন কালে যজ্ঞকর্ম্মাভিলাষে বেদজ্ঞ ব্রাহ্মণের অনুসন্ধান করাতে কান্যকুব্জনামক স্থানে উক্ত ব্রাহ্মণ পাইবার সম্ভাবনায় তথাকার রাজাকে লিখিয়াছিলেন তিনি প্রথমতঃ যে পাঁচ জন ব্রাহ্মণকে প্রেরণ করেন তাঁহারদিগের আচার ব্যবহার এবং পরিচ্ছদাদি দর্শনে অবজ্ঞা জন্মিবাতে পঞ্চ জন কুলীন বেদজ্ঞ ব্রাহ্মণের প্রার্থনা করেন তাঁহার প্রার্থনামত ব্রাহ্মণ আহূত হইয়া যজ্ঞ সমাপন হইলে রাজার প্রযত্নে ঐ ব্রাহ্মণেরদিগের এতদ্দেশে বাস হইল তৎপরে তাঁহারদিগের সন্তান সন্ততিতে বংশ বিস্তার হয় তদ্বিশেষ লিখিবার প্রয়োজন করে না। বহুকালগতে বৈদ্য কুলোদ্ভব রাজা বল্লাল সেন সিংহাসনারূঢ় হইয়া আদিশূর রাজার আনীত কুলীন ব্রাহ্মণেরদিগের বিশেষ মর্য্যাদা প্রদান করেন এতাবন্মাত্র রাজা বল্লাল সেন দত্ত যে কৌলীন্য মর্য্যাদা জল্পনা করা সে কেবল ভ্রম কুলীন চিরকাল আছেন তাহার ভূরি২ প্রমাণ আছে অতএব ইহা অদ্যাপি ব্যবহার আছে যেহেতু নবগুণ বিশিষ্টই কুলীন শব্দার্থ এজন্য ঐ গুণবিশিষ্ট পাত্রকে কন্যাদান করিবেক গুণহীনে কন্যার্পণ কদাচ করিবেক না তাহা মনুস্পষ্ট লিখিয়াছেন যথা। কামমামরণাত্তিষ্ঠেদগৃহে কন্যর্ত্তুমত্যপি। নচৈবৈনাং প্রযচ্ছেত্তু গুণহীনায় কর্হিচিৎ। ইত্যাদি দ্বারা কুলীনকে কন্যাদান করা প্রমাণসিদ্ধ হইল তবে প্রতিবাদিরা অধিক বিবাহ অশাস্ত্র কহিয়া যে দোষ দর্শাইতে

### *Ram Mohun Roy's Son.*

We are happy to learn that Sir John Hobhouse, the President of the Board of Controul, has appointed the son of Ram Mohun Roy to a Clerkship in that office.

## Spirit of the Native Papers.

*To the Editor of the Gyananneshun.*

SIR,—The letter published in the last Number of the Gyananneshun, containing an account of Rajah Pratapchund, has pleased many of your readers, and as they are eagerly keeping their ears to Burdwan for further information, I send you the following particulars which I have heard, and request that you will insert them in your paper.

The royal Jogee, on leaving Burdwan, went to the house of Goorooprisad Mookerjee in Kanchunnugur. Two of the old malees, who had accommodated him in the garden, were discharged from service by Prannauth Baboo, and desired to go to the Rajbattee in the evening. But instead of going there for fear of death, they went to the Rajah (at Kanchunnugur) who being acquainted with their unhappy case, asked what salaries they received in the garden. The malees replied, " My Lord in your time our salaries were 4 Rs. but since that we received only 3." The Jogee said they would from that day get 5 Rupees from him per mensem, and made them a present of 16 Rs. each. After this when he was retiring to Bistoopoor from Kanchunnugur, he met with his old sowar Nemoo in his way, and asked if he knew him. The sowar respectfully prostrated before him and said, " My Lord I perfectly know you : you are my master Pratapchund Bahadoor." He then asked Nemoo where he was going? "Where? my Lord, (replied Nemoo) I have no place to go to but with you." This sowar and the two malees are, I hear, now with the Rajah.

The affairs at Bistoopoor are detailed in the letter of Narud. I therefore need not say anything about them, but shall give some particulars omitted by your correspondent. The Magistrate kept the Jogee in very rigorous confinement, such as is not even done in the case of a great criminal. He was allowed only two pice a day, and could see no person whatever. With a view to be released from this, Pratapchund sent a man, named Radakisto Ghosaul, with 4 letters in Bengalee addressed to certain respectable persons in Calcutta, and a petition for submission to the Governor General in Council. The Ghosaul had nearly fallen into a trap by bringing these papers. One of the Baboos to whom he delivered a note, sent him to the Police for imprisonment, but fortunately for him the Magistrate did not see any reason to confine him. The Rajah, I hear, has since been released from close custody, and is now a Nuzzurbund prisoner. The petition above alluded to, has either been, or will be, presented to Government in a day or two.

I hear moreover that a principal karkoon of the Rajah's house has come to Calcutta, not being willing to give his deposition against the Jogee, which Prannauth Baboo desired him to do. This person says, that as he was one day standing at his door, Pratapchund came before him in a palanqueen attended by some ardallies, and asked if he knew him. He answered, that he knew he was the son of the late Rajah, and requested him to honour his house with his presence. He however did not comply with his request, but said, " It is enough that you know me." The karkoon now says, " How will I swear that I *know* him *not*, since I *know* him ?"

It is a fact, Mr. Editor, that Prannauth Baboo accompanied Pratapchund, when he was carried to Umbeeka for the rite of Unterjolly ; and if the Baboo witnessed his death at that time with his own eyes, what reasons has he now to fear the Jogee ? Every man who sees him hesitates not to say that he is the son of the late Rajah of Burdwan. Is it possible that he would enchant the eyes of every man? Can you think that he has corrupted all the people? There is, I am told, a place in Umbeeka, called the *Somaj battee*, where the bones of every member of the Rajah's family who dies are deposited with suitable inscription of his name, and other particulars on a marble. The name of Pratapchund is not to be found there. If he was dead, why, it is asked, was his name not inscribed on a marble as usual? In fact the appearance of the Jogee has made a great noise, but the decision will be that which the Almighty has already fixed.

*Second Narud.*

### *Coolin Marriages.*

For a long time the enemies of our religion have been opposing the system of Coolin marriages. Whenever they have written on the subject we have forced them to desist by refuting their arguments. The English papers and the Sumachar Durpun have again taken it up, and are loading the Coolin bramhuns with abuse. We have however this time refrained from giving any reply. But we now hear that the Legislative Council are about to turn their attention to this matter ; we must therefore again take up our pen. Certainly the Council will hear both sides, and then determine what is best.

When *Adishur* was sovereign, being anxious to obtain bramhuns learned in the *vedas* to perform some sacred rites, he wrote to the King of Kunouj to obtain these holy bramhuns. This King first sent him five persons; but when he saw their appearance and conduct he was dissatisfied with them, and entreated that the King would send him five Coolin bramhuns who were acquainted with the *vedas*. According to his request they were sent ; and after they had performed the sacrifices, at the request of the King, they took up their abode in this country. Afterwards their descendants multiplied greatly ; but on this subject it is unnecessary to enlarge. After a long time Bullal Sen, a King of the physician caste conferred great honour on these Coolin bramhuns whom Adishur had brought; but all that is said about Bullal Sen Raja's establishing this order, is mere mistake. The Coolins have existed from time immemorial; of this there is abundant proof. To this day those who are possessed of the nine good qualities are called Coolins. Two persons of this character it is right, according to the laws of Munoo, to give daughters in marriage ; to those who have them not, it

ছেন ইহাও তাঁহারদিগের নিতান্ত ভ্রান্তি তৎশান্তি নিমিত্ত কিঞ্চিৎ লিখি।

অধিক বিবাহ করিতে পারে ইহা শাস্ত্রসিদ্ধ অত্র প্রমাণ। মহাভারতে বভ্রুবাহনোপাখ্যানে স্পষ্ট লিখিত আছে যথা। নাপরাধোস্তি সুভগেনরাণাং বহুভার্য্যতা। প্রমদানাং ভবত্যেষইত্যেবং মনুরব্রবীৎ অর্থাৎ পুরুষের বহুস্ত্রীবিবাহ দূষ্য নহে। ইত্যাদি প্রমাণে কুলীনেরা বহুবিবাহ করিয়া থাকেন এবং শিষ্ট পরম্পরা ব্যবহার সিদ্ধ। একি মূর্খতা প্রকাশ কুলীনের বহু বিবাহ অশাস্ত্র কহে শাস্ত্রসিদ্ধ বিবাহ না হইলে তাবৎ কুলীনসন্তানই পতিত হন কি চমৎকার ব্যাপার যাঁহারা পরমপূজনীয় তাঁহারদিগকে কহে পতিত। অতএব বহুদার পরিগ্রহ করায় দোষবিরহ ইহা সপ্রমাণ হইল এক্ষণে কুলীনেরদের অনেক বিবাহ করিলে স্ত্রীরদিগের দুর্দশাদি যে সকল দোষ দর্শাইয়াছেন তদ্বিষয়ে কিঞ্চিৎ লিখিতেছি।

পূর্ব্বে কোন২ কুলীন অনেক বিবাহ করিয়াছিলেন ইহা আমরা স্বীকার করি তৎকালে যোগ্যপাত্র অল্প এবং অনেক কুলীন নৈকষ্য ভাবাপন্ন ছিলেন এক জন কুল ভঙ্গ করিলে অনেকেই সেই পাত্রে কন্যা দান করিতে ইচ্ছু হইতেন ইহাতেই এক ব্যক্তির বহুবিবাহ হইয়াছিল ইদানীং ভঙ্গ কুলীনের সন্তান বহুপাত্র পাওয়া যায় এবং অত্যল্প ব্যয়ে কুল ভঙ্গও করা যায় এজন্য এক পাত্রে বহুকন্যাদানকরণ রীতি প্রায় রহিত হইয়াছে যদাকদাচিৎ দুই এক ব্যক্তি কার্য্যবশতঃ দুই বা তিন সংসার করিয়া থাকেন ইহাও অত্যল্প দিনের মধ্যে রহিতহওনের সম্ভাবনা বটে অতএব গবর্ণমেন্ট এবিষয়ে হস্তার্পণ না করিলেও ভদ্র সমাজে বিবেচনা হইয়া ক্রমে রহিত হইবে গবর্ণমেন্টের অকারণ হিন্দুর ধর্ম্ম বিষয়ে হস্তার্পণ করিয়া কলঙ্ক ক্রয় করিবার আবশ্যক কি কেবল লোকের মনঃপীড়া দেওয়া হইবেক মাত্র। যদি হিন্দুর বিপক্ষেরদিগের বাক্যে বিশ্বাস করিয়া বিবাহ বিষয়ের আইন করেন তাহা চলিত হওয়া দুঃসাধ্য যদি প্রবল আজ্ঞা দ্বারা চলিত করেন তাহাতে অনেক লোকের ধন মান হানি হইবেক কিন্তু গবর্ণমেন্টের উপকার মাত্র দর্শিবে না যেহেতু আইনে যদি এমত লিখিত থাকে যে এক ব্যক্তি দ্বিতীয়বার বিবাহ করিতে পারিবেক না ইহাতে যদি তাহার সন্তান না হয় অথবা স্ত্রীরুগ্না বা দোষান্তর দুষ্টা হয় তবে তাহার সংসারের কি হইবেক যদিও আইনের ভিতর ইহাও লেখা থাকে যে এতাদৃশী স্ত্রীহইলে অবশ্যই বিবাহ করিতে পারিবেক তাহা হইলেদুই তিন দার পরিগ্রহের সম্ভাবনা রহিল ইদানীং যাহা হইতেছে। অতএব বুঝা যায় গবর্ণমেন্ট আইন করিলেও এক বিবাহের অধিক বিবাহ করা রহিত হইতে পারিবেক না। অপর যদি গবর্ণমেন্ট এতদ্দেশীয় স্ত্রীগণের হিতকরণ বিধায় হস্তক্ষেপ করেন এমত হয় তবে এইমত আইন করুন যে সাধ্বী পত্নীসত্ত্বে উপপত্নীতে কেহ উপগত না হইতে পারে এইরূপ শাসন করা রাজার অবশ্য কর্ত্তব্য কর্ম্ম ইহা হিন্দুদিগের নানা শাস্ত্রে রাজধর্ম্ম প্রকরণে লিখিত আছ যথামনুঃ।

পরদারাভিমর্শেষু প্রবৃত্তান্নৃন মহীপতিঃ। উদ্বেজনকরৈর্দণ্ডৈশ্চিহ্নয়িত্বা প্রবাসয়েৎ। তৎসমুত্থোহি লোকস্য জায়তে বর্ণসঙ্করঃ। যেন মূলহরো ধর্ম্মঃসর্ব্বনাশায় কল্পতে।

অর্থাৎ।

যে জন পরস্ত্রী সম্ভোগে প্রবৃত্ত হয় রাজা তাহার নাসিকা ওষ্ঠাদি ছেদন করিয়া রাজ্যহইতে দূর করিবেন যেহেতু তাহাতে বর্ণসঙ্কর হয় যদ্দ্বারা উৎপন্ন অধর্ম্মে সর্ব্বনাশ ফলতঃ রাজা প্রজা উভয়ের বিনাশ হইতে পারে অপর উপসংহারে লেখেন।

যস্য স্তেনঃপুরে নাস্তি নান্যস্ত্রীগোন দুষ্টবাক্। ন সাহসিকদণ্ডঘ্নৌ সরাজা শক্রলোকভাক্।

অর্থাৎ।

যে রাজার রাজ্যে চৌর না থাকে এবং প্রজাবর্গ পরস্ত্রী গমন না করে ও নিষ্ঠুরবাদী না হয় আর সাহসিক অর্থাৎ ডাকাইতী এবং নিয়ম বিরুদ্ধাচরণ না করে এমন রাজা ইন্দ্রলোকে গমন করেন।

is improper to give them. On this point Munoo has written plainly.

That such persons can take several wives appears from our *shastras*. In the Muhabharut it is written, that for "a man to marry many wives is no crime." On this account the Coolins do so, and they have the example of their worthy progenitors to support them. What ignorance it is to say that it is contrary to our laws for Coolins to marry many wives! Were it so the whole race of the Coolins were fallen. How astonishing that any should dare to insinuate that these right worshipful personages are fallen! It is evident, then, that in taking many wives there is nothing reprehensible. We must now say a few words respecting the misery pretended to be in this way entailed on the females.

Formerly some Coolins had several wives, we confess; but at that time suitable persons were few; and as the generality of Coolins maintained their purity, when one had once lowered himself a little, many were anxious to give their daughters to him. In this way they contracted many marriages. Now Coolins are to be found, and for a small sum they will form alliances with inferior families; on this account the practice has almost died away. A few persons for some particular reasons have two or three wives; but in a short time this will die away, without Government having any occasion to interfere; why then should they put their hand to the rites of our Hindoo religion, and thereby merely contract guilt? This will only grieve the minds of the people. If crediting the statements of our enemies they pass a law on this subject, it will be difficult to carry it into effect; if enforced by the strong arm of the law, the property and the honour of many will be destroyed, but no good will accrue to Government. If the law run thus, "No person will be allowed to marry a second wife; if a person have no family, or his wife be sick, or unfaithful, then what must the man do? If it be written in it, that in such cases, he may take another wife, then the evil against which the law is to guard is still continued. We therefore think that this practice cannot be abolished by law. If for the benefit of the females of the country Government wish to pass this law, be it so; but let them pass a law of this kind that no man who has a virtuous wife, shall be unfaithful to her. Enactments of this kind come within the province of good governments, as may be abundantly proved by many of our Hindoo shast*ras* respecting the duties of rulers. For example, it is written; "the person who is unfaithful to his wife shall by the King's orders have his nose and lips cut off, and be banished from the kingdom; because the guilt thus contracted may destroy both King and people." Again, "The King in whose kingdom there is no thief, or adulterer, or slanderer, or dacoit, or rebel against the Government, that King shall go to heaven. These five species of wickedness a King should most certainly punish, because by this means the glory of the kingdom shall be augmented."

If then a law like the above were passed for the preservation of female honour, wickedness could not be committed. Since the time of the Moosulmans this salutary restraint has been taken away, and gradually the Hindoos have sunk into immorality, first with Moosulman women, and now they have begun to have intercourse with others, through whose influence they eat and drink what is forbidden, and commit many other wicked deeds by means of which their property is wasted, and then they have recourse to forgery, and other wicked measures in order to provide means for obtaining their guilty pleasures, by which themselves and others are ruined. We therefore pray that the above law may be quickly passed; it will easily be carried into effect; the country will be benefited, and rulers and ruled will be made happy thereby.—*Chund.*

অপিচ। এতেষাং নিগ্রহোরাজ্ঞঃ পঞ্চানাং বিষয়েস্বকে। সাম্রাজ্যকৃৎ স্বজাত্যেষু লোকে চৈব যশস্করঃ।

অর্থাৎ।

উক্ত চৌরাঙ্গি পঞ্চবিধ প্রজাকে রাজা নিজ রাজ্যে অবশ্যই শাসন করিবেন যেহেতু তাহাতে রাজ্যও যশোবৃদ্ধি হয়।

অতএব উক্ত প্রকার আইন হইলে স্ত্রীরদিগের সতীত্ব রক্ষা হয় ভ্রূণহত্যাদি হইতে পারে না। জবনাধিকার কালাবধি এই শাসন না থাকাতে ক্রমশঃ হিন্দুসন্তান অনেকে ভ্রষ্ট হইয়াছে ইহারা প্রথমতঃ জবনী অর্থাৎ মোগলানী উপপত্নী করিত ইদানীং গোরা বিবি রাখিতে আরম্ভ করিয়াছে তাহারদিগের রূপলাবণ্যাদিতে বশীভূত হইয়া অখাদ্য ভোজন অপেয় পান ইত্যাদি কুকর্ম্ম করে ইহাতে বহুধন ব্যয় হয় পৈতৃক ধনের অভাব হইলে মিথ্যা মোকদ্দমা করা মিথ্যা সাক্ষ্য দেওয়া জালকাগজ প্রস্তুত করা ইত্যাদি নানাবিধ কুক্রিয়া অসৎকর্ম্মে লিপ্ত হইয়া আপনি নষ্ট হয় এবং পরেরও সর্ব্বনাশ করে। অতএব আমারদিগের প্রার্থনা এইপ্রকার আইন শীঘ্র করুন যাহা অনায়াসে চলিত হইয়া দেশের উপকারজনক হইতে পারিবেক ইহাতে রাজা প্রজা উভয়ের মঙ্গল নিশ্চিত।—চন্দ্রিকা।

## প্রেরিতপত্র।

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়সমীপেষু।

এক আশ্চর্য্য ডাকাইতির বিষয় আমি কএক পংক্তি লিখিয়া পাঠাইতেছি মহাশয় দর্পণে অর্প্পণ করিয়া বাধিত রাখিবেন। জিলা চব্বিশপরগনার সরহদ্দের মধ্যে শালিখার থানার এলাকার মোকাম হাবড়াগ্রামে ২৪ ফেব্রুআরি বুধবারের রাত্রি দুই প্রহর দুই ঘন্টার পরে শ্রীযুত জেম্‌স মেকেঞ্জি সাহেবের জাহাজনির্ম্মিত কারখানার এক জন প্রধান কারিকর শ্রীসুন্দর মিস্ত্রির বাটীতে বন্দুকের আওয়াজ করিয়া মসাল জ্বালাইয়া অস্ত্রধারি ৫০। ৬০ লোক আসিয়া ঐ মিস্ত্রিকে খোঁচা ও মস্তকে এক চোট ও নানাপ্রকার নিগ্রহ করিয়া যথাসর্ব্বস্ব লইয়া গিয়াছে। তাহাতে এখানকার সাহেব লোক ও বাঙ্গালি ভদ্রলোক সকলই নিতান্ত সশঙ্কিত হইয়াছেন যে স্থানে ডাকাইতি হইয়াছে তথাহইতে মাজিস্ত্রেট সাহেবের কাছারীঘর অধিক দূর নহে ও শালিখার দারোগার থানাও অধিক দূর বলা যায় না এ স্থানেতেও এমতপ্রকারে ডাকাইতি হইল। কিন্তু আমারদিগের এমত ভরসা ছিল যে শালিখার পোলীসের থানার দারোগা অবশ্যই এই সকল দস্যুদিগকে গ্রেপ্তার করিবেন। তাহাতে খেদের বিষয় এই দারোগা এমত তদারক না করিয়া যাহাতে এ বিষয় মিটমাট হইয়া যায় এইরূপ চেষ্টায় সুরতহাল করিয়াছেন অর্থাৎ ডাকাইতি ছাপাইয়া চুরি বলিয়া হজুরে মাজিস্ত্রেট সাহেবপর্য্যন্ত রিপোর্ট করিয়াছেন। শুনা গেল আমারদিগের ক্ষমতা নাই যে মাজিস্ত্রেট সাহেবের নিকট যাইয়া দারোগার বিরুদ্ধাচরণ জ্ঞাত করি। এমতে আমারদিগের মানস এই যে আপনকার দর্পণপাঠে তাবৎ জ্ঞাত হইয়া এ বিষয় বিশেষরূপে তদারক করেন এবং দুষ্টের দমন হয়। ইহা হইলেই আমরা অর্থাৎ রাইয়তবর্গ ধন প্রাণনাশের ত্রাসহইতে উত্তীর্ণ হইয়া সুখে আপন পরিবার লইয়া এইস্থানে বাস করিতে পারি। হাবড়া শালিখা ও তন্নিকটস্থ গ্রামের প্রজাসমূহের এই প্রার্থনা।

## Correspondence.

*To the Editor of the Durpun.*

SIR,—We send you a few lines respecting a most daring dacoity, which you will oblige us by inserting in your Durpun. Within the 24-Pergunnas, near the thanna of Sulkea, in Howrah, about 2 o'clock in the morning of the 24th February, a band of armed men to the number of 50 or 60, with torches and with the greatest clamour, came to the house of the head *mistry* of Mr. James Mackenzie, the ship-builder, and after wounding the *mistry* most severely, carried off all his property. By this daring act all the inhabitants, both Native and European, have been thrown into a state of dismay; for the Magistrate's court was not far distant, and the daroga's thanna is in the neighbourhood, yet even in such a place such a robbery has been committed. We had hoped that the daroga of the Police would have apprehended these miscreants; but we are sorry to say, that he has not done so, but has endeavoured to conceal it from the Magistrate by stating in his report that it was merely a petty theft that was committed. We have no means of going to the Magistrate, to inform him of the improper conduct of his daroga. We hope, therefore, that by reading your Durpun, he may be put in possession of the facts of the case, and be led to investigate this business aright, and repress the wicked. If so, the lives, honour, and property of us the ryuts will be preserved, and we shall again be able to live there in peace and happiness. The petition of the inhabitants of Howrah, Sulkea, and the neighbouring villages.

কোম্পানির কাগজ।

| | | | |
|---|---|---|---|
| ৬ টাকা সুদের লোন | ২১ | ২২ | প্রিমিয়ম |
| পুরাতন ৫ টাকার লোন | | | |
| ১ ক্লাস | ৬০ | ॥০ | ঐ |
| ২ ক্লাস | ১ | ৬০ | ঐ |
| ৩ ক্লাস | ১।০ | ১৬০ | ঐ |
| মধ্যম ৫ টাকার লোন | ০ | ০ | ঐ |
| নূতন ৫ টাকার লোন | ১৬০ | ২ | ঐ |
| ৪ টাকার লোন | ১৬০ | ২ | ঐ |

বেঙ্ক সের।

বাঙ্গাল বেঙ্ক ৮০০—৬০০৫০ প্রমিমিয়

*Government Securities.*

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 6 Per Cent loan, | 17 | 0 | 18 | 0 | Prem. |
| Old 5 Per Cent loan, | | | | | |
| 1st. Class, | 0 | 4 | 0 | 8 | |
| 2d. Class, | 1 | 0 | 0 | 12 | |
| 3d. Class, | 2 | 12 | 3 | 0 | |
| Middle 5 per cent loan, | 0 | 0 | 0 | 0 | |
| New 5 per Cent, | 2 | 12 | 3 | 0 | |
| 4 per Cent loan, | 1 | 10 | 2 | 2 | Disct. |

*Bank Shares.*

Bank of Bengal, ................ Sa. Rs. 5800 —6000